



লোকসভা ভোটের আবহে প্রচারের ময়দানে তৃণমূলের বিরুদ্ধে ঘাটালে ফের চাকরি দেওয়ার নামে টাকা নেওয়ার অভিযোগ তুলল বিরোধীরা। ...বিস্তারিত পাতা ৩



জেল থেকে অন্তর্বর্তী জামিনে মুক্ত হয়েই আরও বেশি আত্মবিশ্বাসী হয়ে ভোটপ্রচারে কেজরিওয়াল। প্রত্যেকটি তিনি কেন্দ্রীয় সরকারকে তোপ দাগছেন। ...বিস্তারিত পাতা ৫



কোচবিহার পুরসভার বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ এনে ১৭ মে শুক্রবার কোচবিহার শহরে ২৪ ঘণ্টার ব্যবসা বন্ধের ডাক দিল ব্যবসায়ী সমিতি। ...বিস্তারিত পাতা ৭



ঘরের মাঠে রাজস্থানকে হারিয়ে দিল চেন্নাই। জিতল ৫ উইকেটে। টসে জিতেও রাজস্থানের অধিনায়ক সঞ্জু স্যামসনের আগে ব্যাট করার সিদ্ধান্ত বিপক্ষে গেল। ...বিস্তারিত পাতা ৮

বিজেপি মিথ্যেবাদী মমতা তৃণমূল দুর্নীতিগ্রস্ত মোদি

‘রাজ্যপালকে পদত্যাগ না করিয়ে এখনও সন্দেশখালি নিয়ে মিথ্যাচার করছেন’

‘তৃণমূল আসলে দুর্নীতিকে ফুল টাইম বিজনেজ বানিয়ে ফেলেছে’!

দুরন্ত বার্তা, হাওড়া, ১২ মেঃ লোকসভা ভোট চলাকালীন বাংলার রাজ্যপাল সি ডি আনন্দ বোসের বিরুদ্ধে শ্রীলতাহানির অভিযোগ তুলেছেন রাজ্যভবনেরই এক মহিলা কর্মী। পুলিশে অভিযোগও দায়ের হয়েছে। সেই অভিযোগে সর্বব হুয়েছে তৃণমূল। সরগরম পরিস্থিতিতে বাংলায় নির্বাচনী প্রচারে এসে শনিবার রাজ্যভবনে ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রাজ্যপালের বিরুদ্ধে ওটা শ্রীলতাহানির অভিযোগে তাঁর চূপ থাকা নিয়ে প্রধানমন্ত্রীকে তোপ দাগলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যপাল এবং সন্দেশখালি ইস্যুতে রবিবার নির্বাচনী প্রচারে একযোগে মোদিকে আক্রমণ করলেন মমতা। লোকসভার আগে এই নিয়ে নয়বার ভোটপ্রচারে বাংলায় এলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার মোদির চারটি সভা ছিল। ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অর্জুন সিংহের সমর্থনে ভোটপাডায় প্রথম সভা করেছেন প্রধানমন্ত্রী। মোদির জনসভার খনিকক্ষণের মধ্যেই সেই ব্যারাকপুর লোকসভার কেন্দ্রেই আমড়াভাঙে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সভা ছিল। আমড়াভাঙার সাধনপুর উল্লাডাঙা তুলসিরাম উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠের সভা থেকে এদিন মমতা বলেন, “প্রধানমন্ত্রীর প্রতিনিধি রাজ্যভবনে লাউসাঁথেব। মেয়েরা যেতে পারছে না ভয়ে। আমি সংবিধান সঙ্কটে যাচ্ছি। রাজ্যপালের যে সব কীর্তি-কেলঙ্কার প্রকাশ পাচ্ছে, সেই কারণে আমার



যেকেরি শিরোনামে সন্দেশখালি ইস্যু। বদ বিজেপি তো বটেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে শুরু করে অমিত শাহ এবং আরও অনেক কেন্দ্রীয় নেতৃত্বকে সন্দেশখালির ঘটনা নিয়ে তৃণমূলকে আক্রমণ করতে দেখা গিয়েছে। কিন্তু এরই মধ্যে

সম্প্রতি সন্দেশখালির বেশ কয়েকটি ভিডিও ভাইরাল হয়েছে। যেখানে সন্দেশখালির ঘটনা সাজানো, ধর্ষণের ঘটনা মিথ্যে, এমনও তথ্য সামনে এসেছে। দুরন্ত বার্তা সেই ভিডিওগুলির সত্যতা যাচাই করেনি। এদিকে বিজেপির বিরুদ্ধে আসরে নেমেছে তৃণমূল কংগ্রেস। পাশ্চাৎ ভুয়ো ভিডিও বলে তোপ দেগেছে বিজেপিও। তবে তাৎপর্যপূর্ণভাবে মোদির বক্তব্যে এদিন সন্দেশখালির ওই ভাইরাল ভিডিও নিয়ে কিছুই শোনা যায়নি। বদলে এর আগের নির্বাচনী সভাগুলির মতোই সন্দেশখালি নিয়ে তৃণমূলকে নিশানা করেছেন তিনি। আর এই নিয়েই মোদির উদ্দেশ্যে মমতা বলেন, “এখনও সন্দেশখালি নিয়ে মিথ্যে কথা বলে যাচ্ছেন। সন্দেশ তো দেশের জন্য অপেক্ষা করছে। সন্দেশ হচ্ছে, দেশের খবর কী? মোদি হারছেন, মোদি বিদায় নিচ্ছেন।” ১০০ দিনের কাজ নিয়েও এদিন মোদিকে নিশানা করেন মমতা। বাংলার মুখ্যমন্ত্রীর কথায়, “তিন বছর কাজ করিয়ে টাকা দিলেন না। তখন আপনার টাকা ছিল না পকেটে? আর এখন বিজ্ঞাপন দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়কে চোর বলতে হচ্ছে আপনাকে। আপনি যত ইচ্ছে বলে যান, আমার গায়ে লেপসা পড়বে না।” রবিবার জোড়া সভা করেছেন বাংলার তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। আমড়াভাঙার পর উল্লেখ্যীয় দলীয় প্রার্থী সাজদা আহমেদের সমর্থনে তিনি প্রচার করেন।

দুরন্ত বার্তা, হাওড়া, ১২ মেঃ দুর্নীতির পর দুর্নীতি করে যাচ্ছে তৃণমূল। কোনও কিছুই বাদ দিচ্ছে না। আবাসের বাড়ি থেকে জল প্রকল্প, সব প্রকল্প থেকে কাটামনি নিচ্ছে তারা। এমন দলের প্রার্থীদের ভোটের দিন শাস্তি দেবেন তো? হাওড়ায় দলীয় প্রার্থী রথীন চক্রবর্তীর সমর্থনে ভোট প্রচারে এসে এই প্রশ্ন রাখলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। একই সঙ্গে ফের একবার তৃণমূল সরকারের বিরুদ্ধে অনুপ্রবেশকারীদের প্রাধান্য দেওয়া এবং তেমনদের রাজনীতি করার অভিযোগ করেছেন তিনি। হাওড়ার সাঁকরাইলের সভা থেকে কংগ্রেস এবং বামদলের নিশানা করতেও ছাড়েননি নরেন্দ্র মোদি। তবে তিনি দাবি করেছেন, সবার থেকে বেশি ‘গন্ডগোল’ করে তৃণমূলই! মোদি বলেন, “কংগ্রেসের দুর্নীতি, পরিবারবাদ এবং তেমনদের রাজনীতির সঙ্গে বামদলের অত্যাচার, সব মিলিয়ে খারাপ জিনিসগুলো এক জায়গায় জড়ো করলে তৈরি হয় তৃণমূল। ওই দলের নেতাদের কাজই হচ্ছে গন্ডগোল করা।” মোদির অভিযোগ, প্রকাশ্যে তারা জমি দখল করে, গুপ্তাঙ্গি করে, কিন্তু সরকার তাদের কিছুই বলে না। তৃণমূলের বিরুদ্ধে যে যে দুর্নীতির অভিযোগ রয়েছে তা নিয়েও ফের একবার সর্বব হু মোদি। হাওড়ার সভামঞ্চ থেকে তাঁর দাবি, “ইন্ডি জোটের সকল দল দুর্নীতি করে। কিন্তু তৃণমূল খোলাখুলি দুর্নীতি করে। অন্য দলের মতো লুকিয়ে কিছু করে না তারা। আসলে



দুর পর্তু গিয়েছে। কিন্তু তৃণমূল সরকার তাঁকে বাঁচাচ্ছে। রাজ্যবাসী যে তৃণমূলের জন্য জলকষ্টে ভুগছে সেই দাবিও রবিবার করেছেন নরেন্দ্র মোদি তাঁর কথায়, “তৃণমূল তাঁদেরই টাকা দেয়, যাঁরা ওই দলের সঙ্গে যুক্ত বা তাদের কাটামনি

দেয়। আমরা সব ঘরে জল দিতে চাই। ওরা দিতে দিচ্ছে না। রাজনৈতিক ফায়দার জন্য বদবাসীকে জলকষ্ট দিচ্ছে তৃণমূল।” পাশাপাশি মোদির মুখে উঠে আসে সেই অনুপ্রবেশকারী ইস্যু। তিনি বলেন, তৃণমূল বাংলার পরিচিতি সফটে ফেলে দিয়েছে। তাঁদের চোখে দেশের মানুষ বহিরাগত, অনুপ্রবেশকারীরা নয়! মোদির দাবি, রাজ্যের মানুষের ভাল তাঁরা চায় না। তৃণমূল, তাঁরা শুধু অনুপ্রবেশকারীদের সুবিধা করে দিতে চায়। অনুপ্রবেশকারীরা যাতে বাংলা কবজা করে ফেলতে পারে, এই চেষ্টা করে যাচ্ছে তৃণমূল! বিস্ফোরক দাবি করেন মোদি। এদিন হুগলির টুটুডায় বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়ের সমর্থনেও জনসভা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এদিন প্রধানমন্ত্রী বাংলায় তৃণমূলের একটাও আসন পাওয়ার অধিকার নেই বলে মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, “তৃণমূল বাংলার যুবকদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। তৃণমূল বাংলার যুবকদের ভবিষ্যৎ বিক্রি করে দিয়েছে। তৃণমূল বাংলার মা-বাবাদের স্বপ্ন বিক্রি করে দিয়েছে। তৃণমূলের প্রশ্ন ফাঁস ও নিয়োগ মাফিয়ার সবার্থিকে শেষ করে দিয়েছে। এদের বড় বড় নেতা-মন্ত্রী, আর মুখ্যমন্ত্রীর সব সৈন্যসামন্ত জেলে পড়ে রয়েছে। এদের নেতাদের বাড়ি থেকে যে ভাবে টাকার পাহাড় উদ্ধার হয়েছে তাতে গোটা দেশ চমকে গিয়েছে। তৃণমূলের বাংলায় একটাও আসন জেতা উচিত নয়।”

মহিলা কমিশনের চেয়ারপার্সনের বিরুদ্ধে নির্বাচন কমিশনে চিঠি তৃণমূলের

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ মেঃ আজ, রবিবার সন্দেশখালি পাট-২ নিয়ে রাজ্য-রাজনীতি তোলপাড় হয়ে গিয়েছে। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্র আরও সখ্যম রাখতে পারলেন না। থানা ঘেরাও থেকে শুরু করে তৃণমূল কংগ্রেস কর্মীকে রাস্তায় ফেলে মারধর করার ঘটনা ঘটল। আর এই ঘটনার সঙ্গে রেখা পাত্র জড়িত বলে অভিযোগ। ভাইরাল হওয়া সন্দেশখালি সিং অপারেশনের পাট-১ এবং পাট-২ ভিডিওর সত্যতা করেনি দুরন্ত বার্তা। তবে এই ঘটনার পিছনে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন রেখা শর্মা হাত আছে অভিযোগ তুলে তাঁর বিরুদ্ধে বৌজদারি মামলা দায়েরের দাবি জানানো তৃণমূল কংগ্রেস। এই বিষয়ে আজ নির্বাচন কমিশনের কাছে নালিশ টুকেছে তৃণমূল কংগ্রেস এবং পুলিশের কাছে আবেদন করা হয়েছে। এদিকে তৃণমূল কংগ্রেস যে নালিশ টুকেছে নির্বাচন কমিশনের কাছে তাতে উল্লেখ করা হয়েছে, সন্দেশখালির এই ঘটনায় রেখা শর্মাকে সহযোগিতা করেছিলেন পিয়ালি দাসসহ বিজেপির একাধিক নেতারা। তাঁদের বিরুদ্ধেও বৌজদারি মামলা দায়ের করা হোক। এটা একটা বিশাল বড় অপরাধ। এই ঘটনা আসলে জগজিতিতা, প্রভাষণ, ভয় দেখানো এবং অপরাধমূলক যত্নের বলে উল্লেখ করা হয়েছে লিখিত চিঠিতে। গত শুক্রবার নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে তৃণমূল কংগ্রেস। সন্দেশখালি সিং অপারেশন পাট-২ প্রকাশের পরও গোটা ঘটনাটি অস্বীকার করেছেন বিজেপি প্রার্থী রেখা পাত্র। তিনি বলেন, “এটা তৃণমূলের সাজানো ঘটনা। সন্দেশখালির আন্দোলনে পেরে না উঠে এসব চক্রান্ত করছে!” এই অভিযোগ বিজেপি প্রার্থী রেখা পাত্র করলেও কেউ এখনও আদালতে গিয়ে মানহানি বা ভুয়ো ভিডিও ছড়ানো হচ্ছে বলে মামলা করেননি। আর নির্বাচন কমিশনে নালিশ নিয়ে রাজ্যের নারী ও শিশু কল্যাণ মন্ত্রী তথা মহিলা তৃণমূল কংগ্রেসের রাজ্য নেত্রী শশী পাঁজা বলেন, “সন্দেশখালিতে নারী ধর্ষণের অভিযোগ শুধু বিজেপির সাজানো তাই নয়, তাতে পূর্ণ মদত দিয়েছিলেন জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন রেখা শর্মা। ভাইরাল হওয়া ভিডিও থেকে স্পষ্ট, সাদা কাপড়ের সই করিয়ে ধর্ষণের মিথ্যা অভিযোগ করা হয়েছিল।”

‘আপনি হারছেন, প্রাক্তন সাংসদের লেটার প্যাড ছাপিয়ে রাখুন!’ শান্তনুকে কটাক্ষ অভিষেকের

দুরন্ত বার্তা, বাগদা, ১২ মেঃ রবিবার চতুর্থ দফা ভোটের আগে সরগরম বাংলা। খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিজেপির প্রচারে চার চারটি সভা রাজ্যে। অন্যদিকে পিছিয়ে নেই শাসকদল তৃণমূলও। সভা করেছেন মমতা-অভিষেকরাও। মতুয়া গড়ে এদিন নাম করেই স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে এবার নিশানা করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। বনগারি বাগদার সভা থেকে অমিত শাহকে প্রবল কটাক্ষ করে অভিষেক বলেন, “মতুয়াদের শরণার্থী বলছেন কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। আর আমরা বলছি এরা সর্বাধি দেশের নাগরিক। শরণার্থীদের আলাদা রেশন কার্ড, ভোটার কার্ড হয় না। মমতা বন্দ্যোপাধ্যায়ের দায়ের সরকার পরিবেশা আপনারা পান। আমি মনে করি, দেশের প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রীর যা অধিকার আছে সেই একই অধিকার সব মতুয়াদের আছে।” পাশাপাশি সরকারি প্রকল্প লক্ষীর ভাঙার নিয়ে বিজেপির প্রচার প্রসঙ্গেও তীব্র প্রতিক্রিয়া অভিষেকেরা বলেন, “লক্ষীর ভাঙার দিচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আর সেটা বন্ধ করার চেষ্টা করছে বিজেপি। বিজেপি জিতলে তো বন্ধ করবে? বছরের বারো বার যে ভাবে পাচ্ছেন তাই পারেন। বিজেপি কথায় কথায়



সভা করল। আর গত তিন বছর টিকি খুঁজে পাওয়া যায়নি। গড়ে ৪০ মিনিট করে যদি সভা করে তাহলে ৬৮০ মিনিট সভা করেছে। এই ৬৮০ মিনিটে বাংলার জন্য কি করেছে? শান্তনু ঠাকুরকে বলব আপনি হারছেন। প্রাক্তন সাংসদের

লেটার প্যাড ছাপিয়ে রাখুন।” অভিষেক বলেন, “আমাদের নব নির্বাচনী রাজ্যসভার সাংসদ মমতা বালা ঠাকুর শপথের সময় ঈশ্বরের বদলে হরিদাদ ও গুরুদাদ ঠাকুরের নাম নিয়েছেন বলে তাঁর শপথের বাধা দিয়েছেন বিজেপির নিয়োজিত রাজ্যসভার চেয়ারম্যান। ভাঙতা দিয়ে নাগরিকত্বের জন্য ফর্ম ছেড়ে দিয়েছে বাজারে। আর সেখানেই এলানাকে বাংলাদেশি, পাকিস্তানি, আফগানিস্তানিদের স্বীকার করতে হবে। তারপর এনআরসি হবে। যদিও বিজেপি বলবে অভিষেক বন্দ্যোপাধ্যায় ভয় দেখাচ্ছে। আমি বলছি, স্বরাষ্ট্র মন্ত্রী আবু ক বা নোটিফিকেশন করে বলুক নিঃ শর্ত নাগরিকত্ব দেব। এনআরসি হবে না। তাহলে তৃণমূলের কেউ সমর্থন করুক বা না করুক আমি সমর্থন করব।” অভিষেকের চ্যালেঞ্জ, “আগে বিজেপি শাসিত রাজ্যে লক্ষীর ভাঙার করে দেখাও। আমরা টাকা দিচ্ছি, আর বিজেপি টাকা আটকে দিয়েছে। আমরা লক্ষীর ভাঙার এক হাজার দিচ্ছি আর ওরা আধার-প্যানের লিংকের নাম করে এক হাজার টাকা নিয়ে নিচ্ছে।” তৃণমূলের সেকেন্ড ইন কমান্ডার যোগ্য, নবজোয়ারে যে ভাবে গোপন ব্যালটে ভোট করে প্রার্থী হয়েছে। বাগদাতে আগামী দিনে সেই ভাবেই ৫০ হাজার মানুষের মত গোপন ব্যালটে নিয়ে বাগদার বিধানসভার প্রার্থী টিক হবে। এই মাঠে জুলাইয়ের প্রথম সপ্তাহে ফের সভা হবে।

নতুন করে ফুঁসে উঠল সন্দেশখালি

থানা ঘেরাও, বিধায়কের ফোন কেড়ে নেওয়ার চেষ্টা, যুব কর্মীকে বেধড়ক ‘মারধর’

দুরন্ত বার্তা, সন্দেশখালি, ১২ মেঃ ভোটসেব নতুন করে উত্তপ্ত হয়ে উঠল সন্দেশখালি। সন্দেশখালি থানার সামনে বিক্ষোভ প্রামেরে মহিলাদের। ধর্ষণের অভিযোগ উড়িয়ে আরও এক নির্মাতিতার বয়ান বদলের অভিযোগ! পুলিশের সঙ্গে ধস্তাধস্তি সন্দেশখালির মহিলাদের। জোর করে নির্মাতিতা মহিলাদের থানা বদলের অভিযোগ। বিজেপির অভিযোগ, সন্দেশখালির স্থানীয় তৃণমূল নেতা দিলীপ মল্লিক নির্মাতিতাদের টাকা দিয়ে চাপ তৈরি করে বয়ান বদল করছেন। প্রসঙ্গত, গত কয়েকদিনে সন্দেশখালির বিজেপি নেতা গঙ্গাধর কমান্ডার একটি ভিডিও প্রকাশ্যে এনেছে তৃণমূল। আর তা নিয়েই হইচই। বিজেপির অভিযোগ, তৃণমূল ফের ভিডিও বানিয়ে নির্মাতিতাদের বয়ান বদল করছে। দিলীপ মল্লিক নামে এক তৃণমূল কর্মী প্রভাবিত করে নির্মাতিতাদের বয়ান বদল করছেন বলে অভিযোগ তোলেন প্রতিবাদীরা। এরই প্রতিবাদে প্রথমে মহিলারা সন্দেশখালি থানার সামনে বিক্ষোভ দেখান। এরপর সেখান থেকে একটি দল বেরিয়ে গিয়ে এক তৃণমূল নেতৃত্বের বাড়িতে চড়াও হয়। পরে জানা যায়, ওই বাড়িটি তৃণমূল নেতা নারায়ণ

বিশ্বাসের। নারায়ণ বিশ্বাসের বাড়ির পিছনের রাস্তা দিয়ে দিলীপ মল্লিকের বাড়ি। সেখানে বিকালের রাজবাড়ি বাজারের মিটিংয়ের আগে দলীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করছিলেন



তৃণমূল বিধায়ক সুকুমার মাহাতো। ছিলেন দিলীপ মল্লিকও। সেই খবর পেয়ে নারায়ণ বিশ্বাসের বাড়ির পাশ দিয়ে বেয়ে যান থানার সামনে বিক্ষোভরত বিজেপি মহিলা কর্মী সমর্থকরা। নারায়ণ বিশ্বাসের বাড়ির সামনে লেটের মুখে রীতিমতো ঘিরে ধরে বিক্ষোভ দেখাতে থাকেন প্রতিবাদীরা। তাতান নামে

এক তৃণমূল যুব কর্মীর গুপের চড়ান হন মহিলারা। তাঁকে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। তাঁর জামা কাপড় ছিঁড়ে ফেলা হয় বলে অভিযোগ। বিধায়ক সুকুমার

মাহাতোকেও ঘিরে ধরে চলে বিক্ষোভ। এই পরিস্থিতিতে বিধায়ক নিজের মোবাইল বার করে একটি ফোন করতে যাচ্ছিলেন। দেখা যায়, সে সময়ে বিধায়কের ফোনও কেড়ে নেওয়ার চেষ্টা চলে। রবিবার সন্দেশখালির থানা ঘেরাও করেছিলেন রেখা পাত্র ও বিজেপির অনাগামীরা। সেই সময়ে থানা থেকে

টিল ছোড়া দূরত্ব এলাকার তৃণমূল নেতা দিলীপ মল্লিক, বিধায়ক সুকুমার মাহাতো বৈঠক করছিলেন। আচমকই সেখানে গিয়ে বিক্ষোভ শুরু করেন সন্দেশখালির কয়েকটি গ্রামের মহিলারা। এক তৃণমূল কর্মীকে তাঁর বাড়ি থেকে কলার ধরে টেনে এনে কিল, লাথি, ঘৃষি মারতে থাকেন। বৈঠক ছেড়ে ওই কর্মীকে বাঁচাতে যান তৃণমূল নেতা দিলীপ মল্লিক। তাঁকে ধাক্কা দেওয়া হয়। মারমুখী জনতা সুকুমার মাহাতোকে ঘিরে বিক্ষোভ দেখান। এই ঘটনার পরে অভিযুক্ত দিলীপ মল্লিক বলেন, “বিজেপির এটাই সংস্কৃতি। টাকা দিয়ে ভিডিও বানানোটাও বিজেপির সংস্কৃতি। তৃণমূলের নয়। বিজেপি বুঝতে পেরেছে সন্দেশখালির মাটি তাদের পায়ের তলা থেকে সরে গেছে। তাই এই ধরণের চক্রান্ত করার চেষ্টা করছে।” বিধায়ক সুকুমার মাহাতা বলেন, “যে ভিডিও ভাইরাল হয়েছে সেটা বিজেপির এক মণ্ডল সভাপতি করেছেন। তাঁকে বিক্ষোভকারীরা প্রশ্ন করতে পারছে না কেন?” যদিও বিজেপি নেতৃত্বের দাবি, সন্দেশখালি থেকে মিথ্যে ভিডিও বানানো হচ্ছে, যারা বানাবে তাদেরকে অবিলম্বে গ্রেফতার করতে হবে।

‘পাকিস্তান পরমাণু বোমা ফেলবে বলে কি আমরা পিওকে-র দাবি ছেড়ে দেব?’



দুরন্ত বার্তা, কলকাতা, ১২ মেঃ সায়নী ঘোষের হয়ে ভোটপ্রচারে মন্ত্রী অরুণ বিশ্বাস। আর ভোটপ্রচারে বেরিয়ে তাঁর মুখে শোনা গেল যাদবপুরের এক সময়ের বিধায়ক তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্যের নাম। সায়নীর জয় নিয়ে আশাবাদী অরুণের দাবি, দীর্ঘদিন এই এলাকা সিপিএমের গড় ছিল। অথচ তারা এখানে কোনও কাজই করেনি। বলেন, কাজ করেননি বুদ্ধদেব ভট্টাচার্য্যও। অরুণ বিশ্বাসের উদ্ভাটন। তিনি এখানকার মানুষের জন্য, এলাকার জন্য কিছু করেননি। স্বাধীনতার পর থেকে এখানে সিপিএমের পুরপ্রতিনিধিও ছিলেন। তারপরও কোনও উন্নয়ন হয়নি। অথচ মাত্র দু’বছরে মমতা বন্দ্যোপাধ্যায়ের সৈনিক আমাদের পুরপ্রতিনিধি সন্দীপ দাস বেশিই নিয়েছেন উন্নয়ন কাকে বলে। এটাই মমতা বন্দ্যোপাধ্যায়ের ক্রেডিট।” বর্ণাত্ম শোভাযাত্রা করে এদিন যাদবপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী সায়নী ঘোষ প্রচারে বেরোন।

লখনউ, ১২ মেঃ পাকিস্তানের পরমাণু বোমা আছে বলেই কি ভারত, পাক অধিকৃত কাশ্মীরের দাবি ছেড়ে দেবে? উত্তর প্রদেশের তৃণপগড়ে এক সময়ের বিধায়ক থেকে প্রশ্ন ছুঁতে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এর আগে, কংগ্রেস নেতা মণিশঙ্কর আইয়ার পাকিস্তানের হাতে পরমাণু বোমা আছে বলে সতর্ক করেছিলেন। ন্যাশনাল কনফারেন্স নেতা ফারুক আবদুল্লাহও পিওকে পুনরুদ্ধারের প্রসঙ্গে পাকিস্তানের পরমাণু বোমা নিয়ে সতর্ক করেছিলেন। এদিন একসঙ্গে দুই নেতাকেই একহাত নেন অমিত শাহ। কৌশলী লোকসভা আসনের বিজেপি প্রার্থীর সমর্থনে আয়োজিত নির্বাচনী সভায় শাহ বলেন, “মণিশঙ্কর আইয়ার এবং ফারুক আবদুল্লাহ বলেছেন, পাকিস্তানকে সম্মান করতে হবে। কারণ তাদের কাছে পরমাণু বোমা আছে। পাকিস্তান অধিকৃত কাশ্মীর ফেরত চাইবেন না। রাহুল বাবা, আপনি পরমাণু বোমাকে ভয় পেতে চাইলে ভয় পান। কিন্তু, আমরা ভয় পাই না। পাকিস্তান অধিকৃত কাশ্মীর ভারতেরই।” এর আগে, গত শুক্রবারও পাকিস্তানের বিষয়ে মণিশঙ্কর আইয়ারের মন্তব্যের নিন্দা করে বলেছিলেন, “পাকিস্তান থেকে পিওকে ফিরিয়ে নেওয়ার পরিবর্তে, কংগ্রেস পরমাণু বোমার কথা বলে ভারতের জনগণকে ভয় দেখাচ্ছে। আমি জানি না কংগ্রেসের কী হয়েছে। বিজেপির অবস্থান স্পষ্ট। পিওকে-র প্রতি ইপিই জমি ভারতের এবং ভারতেই থাকবে।” ওইদিন সকালেই কংগ্রেসের মিডিয়া এবং প্রচার বিভাগের চেয়ারম্যান, পবন খেরা, সোশ্যাল মিডিয়ায় জারিয়েছিলেন, মণিশঙ্কর আইয়ারের ওই মন্তব্যের সঙ্গে কংগ্রেস দল সম্পূর্ণরূপে একমত নয়। তিনি আরও বলেছিলেন, ভিডিওটি কয়েক মাস পুরনো। ভোটের প্রচারে বিজেপির আর কিছু বলার নেই বলেই, তাহা, এই পুরনো ভিডিওটি এখন সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দিচ্ছে। তবে, তাতে বিশেষ লাভ হয়নি। নির্বাচনের বাজারে কংগ্রেস নেতার এই মন্তব্য বিজেপির প্রচারের হাতিয়ার হয়ে উঠেছে। কী বলেছিলেন মণিশঙ্কর আইয়ার? সম্প্রতি তাঁর একটি ভিডিও ভাইরাল হয়েছে। ভিডিওটি কয়েক মাস আগের। এক সাক্ষাৎকারে মণিশঙ্কর আইয়ার জানিয়েছিলেন, পাকিস্তানকে যথায়োগ্য সম্মান করা উচিত ভারতের। পাকিস্তান একটা সার্বভৌম দেশ। পাকিস্তানের হাতে পারমাণবিক বোমাও রয়েছে। তাই তাদের সঙ্গে ভারতের সংঘর্ষে জড়ানো উচিত নয়। তিনি আরও বলেন, যদি কোনও ‘পাগল ব্যক্তি’ পাকিস্তানের ক্ষমতায় আসে, সে পারমাণবিক বোমা ব্যবহার করতে পারে। সেটা ভারতের জন্য ভাল হবে না। তার প্রভাব আমাদের উপরও পড়বে। শুধু মণিশঙ্কর আইয়ার নন, পাকিস্তানের পারমাণবিক শক্তি নিয়ে সম্প্রতি মুখ খুলেছেন ন্যাশনাল কনফারেন্স দলের নেতা ফারুক আবদুল্লাহও। মোদি সরকারের একাধিক মন্ত্রী, ব্যবহার্য পাক অধিকৃত কাশ্মীরকে ভারতে ফিরিয়ে আনার প্রসঙ্গে তোলেন। সেই বিষয়ে আবদুল্লাহ বলেছিলেন, ভারত পিওকে ফিরিয়ে আনতে গেলে পাকিস্তানও চূপচাপ বসে দেখবে না। পাকিস্তান ভারতে পরমাণু বোমা ফেলতে পারে বলেও সতর্ক করেছিলেন তিনি।

শ্রীলতাহানী ইস্যুতে রাজ্যভবনের আরও ৪ কর্মীকে তলব পুলিশের

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ মেঃ শ্রীলতাহানির অভিযোগে হোয়ার স্টিট থানায় রাজ্যপাল সিডি আনন্দ বোসের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে। সেই প্রেক্ষিতেই তদন্ত শুরু করেছে লালবাজার। রাজ্যভবনের সিসিটিভি ফুটেজ চাওয়া হলেও প্রাথমিকভাবে তা হাতে পায়নি পুলিশ। তবে দীর্ঘ টানাপড়ের পর সেই ফুটেজ আসে পুলিশের কাছে। এরপরই রাজ্যভবনে শ্রীলতাহানী ইস্যুতে একাধিক কর্মীকে জিজ্ঞাসাবাদের জন্য নোটিস পাঠাল লালবাজার। রাজ্যপালের বিরুদ্ধে শ্রীলতাহানির অভিযোগ ওঠার পরই রাজস্থান জানিয়েছিল, সিসিটিভি ফুটেজ তাঁরা মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর রাজ্য পুলিশকে দেখানো বা যদিও সফলভাবে মানুষকে সেই ফুটেজ দেখানো হয়। তারপরই রাজ্যের পৃষ্ঠ দফতরের কাছ থেকে সেই সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে পুলিশ। সেই ফুটেজ খতিয়ে দেখার পর তাঁরা মনে করছে এই বিষয়ে কয়েকজনকে জিজ্ঞাসাবাদের প্রয়োজন আছে। তাই রাজ্যভবনের ৪ জন কর্মীকে তলব করা হয়েছে বলে সূত্রের খবর। ঘটনার দিনের যে সিসিটিভি ফুটেজ প্রকাশ্যে এসেছে, তাতে দেখা গিয়েছে অভিযোগাকারিণী কাঁদতে কাঁদতে নেমে আসছেন। তা দেখেছেন ওই চার কর্মী। সিসিটিভি ফুটেজ থেকেই ওই কর্মীদের চিহ্নিত করে পুলিশ এবং তাঁদের তলব করা হয়েছে। সোমবার তাঁদের হাজিরা দিতে বলা হয়েছে লালবাজারে।

যোগ প্রদର୍শনী



বালুবথটি, ১২মহাবালুবথটি ত্রিধার
স্কাবের ইন্ডার হলে ১২ই মে রবিবার
সকালে নবদিশ যোগে প্রশিক্ষণ
কেন্দ্র - এর প্রথম বর্ষ পুঁতি
উপকেন্দ্রে নবদিশ যোগে প্রশিক্ষণ
কেন্দ্র - এর যোগা শিক্ষিকা
মমিতা অধিকারীর পরিচালনায় ও
ব্যবস্থাপনায় সংস্থার শিক্ষার্থীদের
নিয়োগ যোগে প্রশ্রণীর আয়োজ-
করা হয়। যোগ প্রশ্রণীতে উপস্থিত
ছিলেন যোগ স্পোর্টস
অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল - এর
সম্পাদক পদ্ম ভঙ্গ, হিলির এবং
বি এস গনজেন্টি কলেজ - এর
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর - অভিজিৎ
সক্রীয়া, দক্ষিণ দিনাজপুর জেল-
সকীরা সংস্থার প্রাক্তন সম্পাদক
সৌম্য গোস্বামী, যোগ শিক্ষক
মৌসুমী অধিকারী পুতুভ প্রমুখ
যোগ প্রশ্রণীতে অংশগ্রহণকারী
প্রতিটি শিক্ষার্থীকে এবং অনুষ্ঠান-
উপস্থিত সকল বিশিষ্ট ব্যক্তদের
পাশাপাশি দক্ষদের সহচরীকৈ আমার
কর্ম জয় দেখাবেনী সংস্থার পক্ষ থেকে।
চারা গাছ দিয়ে সংবর্ধনা দেওয়া হয়।

উচ্চ মাধ্যমিকে

ସଫଳ ଛାତ୍ର

ছাত্রীদের সম্মাননা ও সংবর্ধনা প্রদান



আমার কুমার মিশ্র, মালদাঃ সংসকারী
কর্মচারী পরিবারে উচ্চ মাধ্যমিক ও
সম্পন্ন ছাত্র ছাত্রীদের সমান। এ
সংবর্ধনা প্রদান করলে মালদা জেল
রাজ্য সরকারি ফেডারেশন। রবিবার
ফেডারেশনের কর্মচারীরা বাড়ি বাড়ি
গিয়ে সকল ছাত্র ছাত্রীদের সংবর্ধনা
প্রদান করে। সংগঠনের পক্ষ থেকে
এদিন সকল ছাত্র-ছাত্রীদের পুষ্প
দ্বন্দ্ব ফুলের তোড়া প্রদান ও মিষ্টি
দিয়ে সম্মাননা প্রদান করা হয়
এদিন মূলত যাদের সম্মাননা প্রদর্শন
করা হয় তারা হলেন পিনাক পানি
সেন (৪৫৮) , নাকি স
হয়াসমিন (৪২৪) , কৌশিক
মাহাছো (৪২৫) , উষা মাছো
(৪০৫) , ঋতনালী মিশ্র (৪১৯)
এ দিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
মালদা জেলা রাজ্য সরকারি
ফেডারেশনের সভাপতি চিত্তরঞ্জি
মিশ্র, সদস্য স্বপন মিশ্র, মদন
মাছো, কৃষ্ণ সরকার , ও শিক্ষক
জয়ন্ত রায়, রূপক কুমার সিংহ ,
সফল মিশ্র ফেডারেশনের কর্মীরা
প্রকাশ ছাত্র ছাত্রীদের আগামী দিন
সফলতা কামনা করে বক্তব্য প্রদান
করে। রাজ্য সরকারি ফেডারেশনের সভাপতি
সভাপতি চিত্তরঞ্জি মিশ্র জানান,
আমরা আমাদের সংগঠনের সকল
সদস্যদের পরিবারে যারা
উচ্চমাধ্যমিক ভালো ফল করেছে
তাদের উসাহ প্রদানের জন্য প্রতি
বর্ষই এটুকু পড়ে থাকি। এছাড়া
৪০০ এর বেশি নম্বর পাওয়া সকল
ছাত্র-ছাত্রীদের বাড়ি গিয়ে ফুল
ছন্দ মিষ্টি প্রদান করে আমরা
তাদের উসাহ প্রদান করছি মাত্র

কেজারওয়ালের জামিনে
সত্যের জয় হলঃ অতীশি

নামাধিষ্ঠ, ১২ মে : দিল্লির মুখ্যমন্ত্রী
অনুবর্তীকালীন জেমিনি প্রসঙ্গে
দিল্লির মন্ত্রী এবং আম আদমি পার্টি
নেত্রী অতীশা বলেন, এটি প্রসঙ্গে
জা. সংবিধান ও গণতন্ত্রকে বাঁচাতে
এগিয়ে আসার জন্য আমি সুপ্রিম
কোর্টে দায়িত্ব দিচ্ছি। আমি
নিশ্চিত যে কেজরিওয়াল জে
থেকে বেরিয়ে জনগণের উদ্দেশ্যে অর্থ
দেবেন্দ্রপ্রসাদ, দেশের সর্বোচ্চ আদালত
সুপ্রিম কোর্ট এগিয়ে সুপ্রিম
কোর্টের প্রার্থনাগুলি জারি মঞ্জুর
করবে। লোকসভা ভোটের শেষ দফা
১ জন পক্ষ জেগের বাইরে থাকবে
কিন্তু ২ জন তাঁকে আত্মসমর্পণ
করতে হবে কারা কর্তৃপক্ষকে কাছে

বিশ্ব ব্যাঙ্কের হিসেব অনুযায়ী অতিমারির আগে ভারতে ১৪০ মিলিয়ন মানুষ দৈনিক ২.১৫ ডলারেও জীবন অতিবাহিত করেছে

মালিয়ার, ১২মেরে আই বা কৃত্রিম মেঘার অন্তরালে ঠাক কুমীর বঞ্চিত। এই ভারতীয় স্টার্ট আপ তারই সমাধান চায়। নারিকেল গাছের ছায়ায় চট্টকা রোদ থেকে আড়াল করেতে স্মার্টফোনের স্ক্রিনটা একটি ফোরোলে। ভারতের দক্ষিণের রাজ্য কর্ণাটকের আলাহাল্লি গ্রামের এক সন্ধ্যা। কিন্তু, গরম ও গুপ্তোটি ক্রমশ বাড়ছে। স্ক্রিনে আঙুল দিয়ে চট্টকা একের পর এক অভিজ্ঞ ও ক্লিপে ক্লিক করে। সদা শুরু করছে এই ইন্টারেক্টিবাল ব্যবহার। সেটি কেমন সুস্বাদু তা বোঝা যাচ্ছে। প্রতিবার ট্যাপ করলেই মাতৃভাষায় তার কণ্ঠ শোনা যাচ্ছে। এই অ্যাপটি ব্যবহার শুরু করার আগে ৩০ বছরের চট্টকার (যে অন্য অনেকে দক্ষিণ ভারতীয়ের মতোই বাবার নামের প্রথম অক্ষরের ব্যবহার করে নামের শেষ অক্ষরের বদলে) ব্যাক্স ছিল মাত্র ১৪৪ টাকা (২.২৫ ডলার)। তবে, এপ্রিলের শেষ দিকে বেশ কয়েকদিন মধ্যে ৬ ঘণ্টা করে যেতে সে পায় ২,৫৭০ টাকা (৩১.৩০ ডলার)। এই টাকার দূরের স্কুলে শিক্ষকতা করে পাওয়া মাত্র মাইনেসে প্রায় সমান। ওটা সেখানে যেতে আসতে তাকে তিনবার বাসের ড্যা শুনতে হয়। সেখানে যেমন শিক্ষকতা করে মাসান্তে বেতন মেলে, এই অ্যাপে তখনও না। ব্যাক্স অ্যাকটিভেট টাকা জমা পড়বে মাত্র কয়েক ঘণ্টার মধ্যে। মধ্য ও দক্ষিণ ভারতের প্রায় ৬ কোটি মানুষ প্রখ্যাত যে ভাষায় কথা বলে, সেই মাতৃভাষা কন্ডে টেচিয়ে পড়ে দিলেই। চট্টকা এই অ্যাপ ব্যবহার করে ঘণ্টায় প্রায় ৫ ডলার উপার্জন করে। ভারতে ন্যূনতম অয়ের প্রায় চুক্তি গুণ। আর কিছুদিনের মধ্যেই আরও টাকা আসতে থাকবে। সেইসঙ্গে ক্লাবের ১০ শতাংশ বোনাস ভয়েস স্ক্রিন টেক্সটক হলেই চট্টকার কণ্ঠ এই উপার্জন করতে পারছে। অ্যাট্রাক্টিবিশ্যল ইন্টেলিজেন্স (এআই) বা কৃত্রিম মেঘের রমরমা জনাই। বর্তমানে তো এআইইই সব। যেমন চ্যাট জিপিটি-র মতো ব্যবসায় ভাষা মডেলই ইংরেজির মতো কাজ নিয়েই কাজ করে। অন্য লাইনে যার টেকস্ট এবং অডিও ডেটা আখরায় পাওয়া যায়। অন্যান্যদিকে, কন্ডে ভাষা কয়েক লক্ষ মানুষ ব্যবহার করলেও ইন্টারনেটে তার বিশেষ সন্ধান মেলে না। (ইউইকিপিডিয়ায় ৬ মিলিয়ন ইংরেজি বাক্য আছে, কিন্তু কন্ডে নিয়ে মাত্র ৩০০ হাজার)। এই ভাষা নিয়ে যদি কাজ করতেই হয়, তাহলে এআইকে আরও সুগাঢ় করে তুলতে হবে অর্থাৎ স্থানীয় বাকচিহ্ন বুঝতে অনুভূতি না হয়। ইংরেজির ক্ষেত্রে তথ্য জোগাড় করা খুব সোজা। কিন্তু, কন্ডেদের মতো ভাষার ক্ষেত্রে আরও উদ্যোগী হতে হবে বিশ্বের দরিদ্রতম মানুষ যে ভাষায় কথা বলে, তার টেকস্ট অথবা ভয়েস ডেটা সংগ্রহ করে তথ্য বাণ্ডুর তৈরি করার চাহিদা ক্রমশই বাড়ছে। এই চাহিদা মূলত টেক কোম্পানিগুলি যারা নিজেদের এআই উপকরণ তৈরি করতে চায়। একই মাগের চাহিদা আরও শিক্ষাক্ষেত্রে এবং সরকারি স্তরে। বিশেষ করে ভারতে যেখানে ১৪০ কোটি মানুষ এবং ২২ টি সরকারি ভাষা এবং অন্তত আরও ৭৮০ টি উপভাষার মধ্যে ইংরেজি এবং হিগিরই চল বেশি। এই বর্ণিত চাহিদার ফলে লক্ষ লক্ষ মানুষ আচমকই বুঝতে পারছেন তাদের মাতৃভাষা কত মূল্যবান। তথ্য নিয়ে

তাবিরক্ত। প্রথমেই কারিয়া তার কনোনে খস্মি চাকরি মন। বরং ক্রত আয় বাড়াবার একটি উপায়, যাতে অন্যান্য কাজ করার উৎসাহ পাওয়া যায়। স্যাপ ব্যবহার করে একজন কর্মী সম্পদে বেশি ১ হাজার ৫০০ জলার পৰ্শন্ত রোজগার করতে পারে, যা ভারতের গড় বার্ষিক আয়ের সমান। এরপরে, তারা অন্যজনের জন্য রাপ করে দেয়। কারিয়া জানিয়েছে সারা দেশে ৩০ হাজার প্রাথমি মানুষকে তারা মজুরি হিসেবে ১০০ থেকে ৫০০ লক্ষ টাকা প্রায় ৮ লক্ষ ডলার/দিয়েছে। ২০০৩-এর মধ্যে এটিকে ১০ কোটি মানুষকে দিয়ে বোলেছে, টিকাচ ঢাললে আমি মন থেকে বিশ্বাস করি যে, এটাই লক্ষ লক্ষ মানুষকে ক্রত দারিদ্র্যমুক্ত করতে পারবে। চোপড়া দারিদ্রের মধ্যেই পাবল হরেনে। স্টানফোর্ডে বৃত্তি পাওয়ার পর তার জীবনটাই বদলে গেল। চোপড়া বালুহে, এটা একটি পুরোপুরি সামাজিক প্রকল্প। সম্পদ শক্তি। আর আমরা চাই পিছিয়ে থাকা মানুষজনের মধ্যে সম্পদের প্রবণবটন। চোপড়াই প্রথম পরিসংখ্যান, যা বাবিরে দরিদ্রতম মানুষের উপকারের জন্য এখাই তথ্যের সম্ভাবনা নিয়ে ভেবেছে। চ্যাট, জিপিটি এবং মেটোর কেসে সবুজের জন্য কাজ করা আউটসোর্সিং কোম্পানি সামাও প্লেগালা সাউথের মানুষজনকে দারিদ্রমুক্ত করার লক্ষ্যে কাজ করে থাকে। নিজেদের পরিচয় দিয়ে, কিন্তু, কেনিয়ার অনেক চ্যাট জিপিটি কর্মীই খুচরায় ২ ডলারের কম রোজগার করে। তারা বলেছে, তাদের সঙ্গে পরিচয় করানো হয়ে প্রশিক্ষণ তথ্যের, যাতে তারা দিশাহারা। ওই কোম্পানি ফেসবুকের জন্যও একই ধরনের কাজ করে। তাতে যুক্ত এক কর্মী জানিয়েছে, আরও ভালো কাজের পরিসরে দেয়া দাবি করায় তাকে তাড়িয়ে দেওয়া হয়েছে। সামার বালুহা কণিয়ারে বেশি মজুরি দিলে স্থানীয় অর্থনীতি নড়বড়ে হয়ে যাতে পারে। তাতে ভালোর চেয়ে খারাপই হবে। বেশি। তবে কর্মীদের বজ্জ্বা মালিকদের এই কথা ইতিহাসকেই স্মরণ করায় চোপড়া বলছেন, গত ৫ বছরে সবচেয়ে বেশি টাকা শিখেছি, এটা নিশ্চয়ই সম্ভব। এটা আকাশ কুসুম কল্পনা নয়। ন্যূনতম মজুরি ২০ গুণ বাড়ালেও সম্ভাব্য প্রাথমিকই থাকবে। কারিয়ারা কথা শুনলে অনেক কিছু সন্দেহই হবে, কেননা সামাও তার পথ চলা শুরু করেছে অলাভজনক সম্ভাব্য হিসেবে দারিদ্র দূরীকরণের লক্ষ্যে। কিন্তু, পাঠের তারা মুম্বাইয়ের বাবাসারী হয়ে ওঠে। তাহলে কারিয়া কি পারবে তার নীতির প্রতি নিষ্ঠা রাখতে? যদি পারে, তা সেটাও বা কতদিন। এটি বিষয় পরিস্কার সব প্রশ্নের উত্তর পেতে ভারতের থেকে ভালো পরিষ্কার-নিরীক্ষার স্থান আর হয় না। সেখানে বিশ্বের মধ্যে সবচেয়ে সস্তা ডেটা কোম্পানি ইন্ডো। যে দেশে গ্রামাঞ্চলে একজন গরীব আ্যুটিউব স্মার্টফোনেও ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে। আর একটি বিষয় উল্লেখযোগ্য, বিশ্বে ব্যাঙ্কের হিসেব অনুযায়ী ১০ মিলিয়ন আগে ডারভে ১৪০ মিলিয়ন মানুষ দৈনিক ২.১৫ ডলারেরও জীবন অতিবাহিত করছে। তাদের যদি চোপড়ার ভাবনা মতো আর্থিক উপায়ে ব্যবস্থা করা যায়, তাহলে তা হবে নেপথ্যিক বাস্তববোধলুগ থেকে ৭০ মাইল দূরে

করছেন খেত পেয়েই গুলমেহাঁস।
বীথিকার ছায়ায় অবস্থিত
চিলুকাভাদি পদ। একটি নিচু
কংক্রিটের বাড়িতে স্থানীয় কৃষি
সমবায়ের সার দফতর। প্রায় এক
ডজন নারী-পুরুষ হাজির। এর
সকলকে গত এক সপ্তাহে কাজ শুরু
করছে কারিয়ার জন্য। ২১ বছরের
রোণাসোণা কনকরাজ এসে
মানবাধীনে ছেয়ে বসেছিল হাটু
মুড়ে। সে স্থানীয় কলেজে পড়ে
বাই এবং যাতায়াতের খরচ তুলতে
তাকে আশপাশের মাঠ তিকে শ্রমিক
হিসেবে কাজ করতে হয় মাতোয়ারা
একদিন সে উপায় করতে পার
৩৬০ টাকা (প্রায় ৪ ডলার)। কিন্তু
এই ধরনের কায়িক শ্রম দু'গুণ হয়ে
ওঠে গরমে। শহরে কোনো
কারখানায় কাজ করলে মজুরি কিসের
বোশে পাওয়া যাবে চিকিৎসা। কিন্তু
বাসে যাতায়াতের খরচ আছে
থাকতোও হবে শহরে অনেক বেশি
খরচে সকলের সঙ্গে মিশে। কারিয়ারায়
কনকরাজ মাতের চেয়ে ঘণ্টা প্রতি
উপার্জন করে অনেক। কাঁচা
তার ভালো লাগে এবং সহজও
চোপড়া বনছেন, আমরা ভালো
গাঢ় চা দিই, তাটা ওটা খুলি। সবচেয়ে
শুষ্কপূর্ণ যেটা সেটা হুঁশ। একটা
গুটাকার পুণ্ডি।

একটা কঠিন পরিশ্রমের কাজও হয়
কনকরাজতো চান্নেই গিয়েছিল
মজুরি আ্যাকাউন্ট জমা পড়া প্রথম
ব্যাংকের পরিশ্রম দেখে। কনকরাজ
প্রথমে ভেবেছিল কারিয়া অন্য
অনেক টিকাফারের মতোই, যার
বোশে টিকার লোভ দেখায় এবং
তাতে তুলে গ্রানাসীরা ঠেকান। আর
আছে মহাজন। স্থানীয় মানুষ অনেক
সমসাইই বাধ্য হয়ে অস্তিত্বায় সুদে
চাকা ধার করে। আর জড়িয়ে পড়ে
খণের ফাঁদে। চন্দ্রিকা যেনন কারিয়া
যেহে করে পাওয়া তার মজুরির
অনেকটাই দেয় পরিবারকে অসুস্থ
করেনের চিকিৎসার জন্য নেওয়া গুল
মেটোতে। বোনতো বাচৈইনি, বর
তার সন্তান এবং খণের বোঝা
চেপেছে পরিবারের কাছে। এরকম
পরিস্থিতি সন্দ্বিধ্যন হয়েছে অনেক
কারিয়া কন্বী। মায়ের জন্য খণের
বোঝা দুবে আছে ২৫ বছরের
অজয় কুমার। আবার খণ ন
থাকলেও ৬৮ বছরের শিবানী এ
ছেটবেলায় ডান হাত হারিয়েছিলেন।
প্রাথমিক ক্ষেত্রের বর্তমান ওই
গ্রানাসীরা যে কাজটি করবেন গেই
কারিয়ার নতুন প্রকল্প। টিবি নিয়ে
একটি এনজিও কথা বলার তখ
কোথাও করছে। তাদের হয়ে ১০
জগেছে কারিয়া। কন্ড ভায়া ১৯
টি বিভিন্ন ধরনের বাকডঙ্গির রেকর্ড
করা হয়েছে যাতে যক্ষা সম্পর্কে
স্থানীয় মানুষের প্রশ্ন বোঝা যায়, এ
সহজতো পারামর্শ দেওয়া যায়। আশ
করা হচ্ছে, এই আপাণি পুরোপুরি
বৈধ হয়ে গেলে অশিক্ষিত মানুষজন
সহজেই চিকিৎসা তথ্য পেয়ে যাবেন।
যতবার এই তথ্য বিক্রি হচ্ছে।
বিক্রয়লব্দ অর্ধের একশো শতাংশই
বিক্রি করে দেওয়া হবে কন্বীদের মধ্যে
কারিয়ার গ্রাহক তালিকায় তথ্য
মাইক্রো সফট ট, এমআইটি,
স্ট্যানফোর্ডের মতো নামকরা
প্রতিষ্ঠান। ফেব্রুয়ারিতে কারিয়া বিল
আর মেলিভা স্টেটস ফাউন্ডেশনের
জন্য একটি নতুন প্রকল্পের কাজ শুরু
করছে। মারাটি, তেলুগু, হিন্দী,
বাংলা এবং মালয়ালম ভাষার ভিত্তি
ডেটোসেট তৈরি করা হচ্ছে। এরলক্ষ্য
একটি স্ট্যান্ডার্ট তৈরি করা যাতে স্বাস্থ্য,
কৃষি, পরিবহন, ব্যক্তিগত এবং
করকারি বিষয়ে ন্যায্য মতামত বা
বাণ্যায়ায় প্রশ্নের উত্তর পাওয়া যায়।

বদ্রীনাথ মন্দিরে ভক্তদের স্বাগত
জানালেন মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি



এমেলি, ১২ মে বিবিবার বহীনাথ ধাম মন্দিরের দরজা খুলে গিয়েছে। এলি নিয়ে উত্তরাখণ্ডের মুখাম্মদী পুস্তক সংগ্রহ বলেছেন, শ্রীবাণী ধামের দরজা খুলেছে, আমরা সবসময় ভক্তদের স্বাগত জানাই। আমরাই চেষ্টা থাকবে এ যাত্রায় যেন কারও কোনো অসুবিধা না হয়, সফরটা যেন সুশৃঙ্খলভাবে হয়। এখানে আসার নিয়মকানুন, বুকিং, রেজিস্ট্রেশন, আবহাওয়া-সহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য জেনে নিয়ে সাইটিক যাত্রা শুরু করুন। এখানেও প্রায়শতই, বিবিবার সকালে সম্পূর্ণ আনুষ্ঠানিকতা ও বৈদিক মন্ডোচার্যের এধ্যক্ষতায় খুলে যায় বহীনাথ মন্দিরের দরজা। দরজা খোলার পরে ভক্তরা এদিন শ্রীবাণীনাথধামে ভিড় করেন। ”বত্ৰী বিশাল লাল কি জয় ” বলে জয়ধ্বনি দেন তারা।উল্লেখ্য, এর আগে শুক্রবার অক্ষয় তৃতীয়ায় ভক্তদের জন্য খুলে গেছে উত্তরাখণ্ডের কেরানার, গঙ্গোত্রী এং যমুনোত্রী মন্দিরের দরজা। প্রতিভাবর শীতের শুরুতেই দ্বন্দ্ব হয় যায় মন্দিরগুলি। আবার গ্রীষ্মকাল এলেই পুণ্যাধীদের জন্য খোলা হয় মন্দিরের দ্বার।অধ্যক্ষিক চ্যামেলিতে অপেক্ষার অবসান। বিবিবার সকালে খুলে গেল বহীনাথ ধামের দরজা। সম্পূর্ণ আনুষ্ঠানিকতা ও বৈদিক মন্ডোচার্যের এধ্যক্ষতায় খুলে যায় বহীনাথ মন্দিরের দরজা। দরজা খোলার পরে ভক্তরা এদিন শ্রীবাণীনাথধামে ভিড় করেন। ”বত্ৰী বিশাল লাল কি জয় ” বলে জয়ধ্বনি দেন তারা।উল্লেখ্য, শুক্রবার অক্ষয় তৃতীয়ায় ভক্তদের জন্য খুলে গেছে উত্তরাখণ্ডের কেরানার, গঙ্গোত্রী এং যমুনোত্রী মন্দিরের দরজা। প্রতিভাবর শীতের শুরুতেই দ্বন্দ্ব হয় যায় মন্দিরগুলি। আবার গ্রীষ্মকাল এলেই পুণ্যাধীদের জন্য খোলা হয় মন্দিরের দ্বার।

নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ
অভিনেতা আল্লু অর্জুনের বিরুদ্ধে

নান্দিগোলা, ১২ মে গচতুর্থ দফার নির্বাচনের আগেই আইনি বিপাকে আল্লু অর্জুন। দক্ষিণে সুপারিশদেবের বিরুদ্ধে থানায় দায়ের হয়েছে অভিযোগ। গত শনিবার অক্সফোর্ডের নান্দিগোলায় জগন রেড্ডির দলের বিরোধীরা রবিব্রত ক্রিশ্ণার রেড্ডির বাড়িতে গিয়েছিলেন আল্লু সুপারিশদেবের আসার খবর পেয়েই সেখানে ভিড় জমেন। অসংখ্য মানুষ ভিড় করে আসার সোবার চতুর্থ দফার নির্বাচন। তার আগে এমন জমায়েতের আনুষ্ঠানিকভাবে নেই। সেই কারণেই এই অভিযোগ। আল্লু অর্জুন ও বিজয় ক্রিশ্ণার রেড্ডির বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছে নান্দিগোলা গ্রামীন লোকসব ডেপুটি তহসিলদার প্রিয়ানন্দ্রাও ১৪৪ ধারা ২৯০ এর অভিযোগ ও জানানা হয়েছে।

৫০টি আসনও জিততে পারবে
না রাহুলের দলঃগিরীশ মহাজন

জলগাং, ১২ মেঃ ফেরে দেশের লোকভাড়া নির্যাসে কংগ্রেসে সম্ভাব্য আসন পাওয়া নিয়ে কটাক্ষ উড়ে গেলে মহারাস্ট্রে এক মন্ত্রী তাকে মহারাস্ট্রের মন্ত্রী গিরিশ মহাজন বলেছেন, রাহুল গান্ধীরা ৫০টির বেশি আসন জেতার মতো অবস্থায় নেই। আর এনিসিপি-এসসিপি, শিবসেনা, ইউডিপিএ ২ থেকে ৩টি আসন পাবে। কেউ তাদের দিকে তাকাচ্ছে না, মানুষ পদ্ম আর মহাজুটির দিকেই তাকিয়ে আছে। বুলেডোজ, এর আসন গ্রহণের সম্ভাব্য আসন পাওয়া নিয়ে প্রায় এইকিছু বলেছিলেন বিজেপির ভাবদ নেতারা। এবার সেই সুরই শোনা গেল মহারাস্ট্রের মন্ত্রীর গলায়।

উত্তর-পশ্চিমের রাজ্যগুলিতে ঝড়-বৃষ্টির পূর্বাভাস



জালালি, ১২ মে : দেশের বেশ কয়েকটি রাজ্যে ভারী বর্ষণের সর্বকথা জারি করেছে মৌসম ভবন। শুধু তাই-ই নয়, কিছু রাজ্যে আবার ঝড়েরও সর্বকথা পূর্ণাঙ্গ ভাবে হয়েছে মৌসম ভবন জারিতেছে, সেমাবার ঝড় এবং পূর্ণাঙ্গ জারিবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে হরিমানা, পঞ্জাব এবং উত্তরপ্রদেশে। অন্য দিকে, রবিবার রাজস্থানে এবং মধ্যভাষা পূর্বস্তুতি এবং উত্তর-পূর্বী গুজরাতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরাঞ্চ এবং মধ্য ভারপ্রদেশ এবং পশ্চিম মধ্যপ্রদেশে আবার ঝড়ের সঙ্গে শিলাবৃষ্টি হতে পারে বলে সম্ভাবনাও সর্বকথা দিয়েছে মৌসম ভবন। পশ্চিম উত্তরাঞ্চ এবং তারপরে আশাপাশি একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে। আবার রাজস্থান বৃষ্টির বিধারের উপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে। বার জেরে এই সব ঞ্খলে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কালিয়াবর শিব মন্দিরে পরপর দু-রাতে দু :
সাহসিক চুরিকাণ্ড, লুট মূল্যবান জিনিসপত্র

কালিয়ারাব (সমস), ১১ মে : গণাও জেলার অন্তর্গত কালিয়ারাবে অবস্থিত বিখ্যাত শিবমন্দির পূর্ণপদ দু-রাত্রে চোরেদ হল হানা দিয়ে লুট করেছে। মূল্যবান জিনিসপত্র, মন্দিরের সিঁচিটি ক্যামেরার চুরির ঘটনা দৃশ্যদর্শন হয়েছে। পবিত্র শিবমন্দির পূর্ণ পদ দু রাত্রে সংগঠিত চুরির ঘটনায় ভরসের মধ্যে ক্ষোভে সন্তুষ্ট হয়েছে সিঁচিটি ক্যামেরার ফুটেজ দেখা যাচ্ছে, একটি মোটর সাইকেলে দুই ব্যক্তি এসে মন্দিরে ঢুকছে। তাদেরই নাকি রবিবারের সকালে প্রকাশ্য দিবালোকে মন্দির বাগানে চক্র কাটতে গ্যাে গেছে মন্দিরর পুরোহিত জানান, চোরের দল মন্দিরে পুজুর পিতল, তামা, কাঁসার বারানপত্র, কাঁসর, বহিরে কোলাহল ঘণ্টা, প্রণাম্য বান্ধ ভেঙে নগদ টাকা ইত্যাদি নানা সামগ্রী লুট করে নিয়ে গেছে।এদিকে বিস্তারিত ঘটনা বর্ণনা করে চুরিচক্র সামগ্রী উদ্ধার এবং চোরের দলকে প্রেধতার করতাল কলিয়ারাব থানায় লিখিত আবেদন জানিয়েছে শিবমন্দির পরিচালন সমিতি।

হকি প্রো লিগঃ ইউরোপ লেগের জন্য দল ঘোষণা

সমস্যা, ১১মঃ হাক পেটা লেগেছে হুজুপে লেগেছ আর ভারতে ২৪
সমস্যাঃ দল ঘোষণা করা হয়েছে ভারত টুর্নামেন্টে দুই লেগে আর্জেন্টিনা,
বেলজিয়াম, জার্মানি এবং প্রোট ব্রিটেনের বিরুদ্ধে দূর করে মোটা আটটিচিন্তা
মহাচা খেলবেপ্রথম লেগ ২২-৬-০০ মে বেলজিয়ামের আট ওয়ার্পে অসুস্থিত
মহাচা এবং দ্বিতীয় ১১-২২ জুন লন্ডনে অনুষ্ঠিত হবে।এই টুর্নামেন্টে প্যারিসসহ
আর্জেন্টিনা,জার্মানি,বেলজিয়াম এবং প্রোট ব্রিটেনের বিরুদ্ধে দূর করে মোটা আটটিচিন্তা
ভারতীয় দলের প্রধান কোচ ক্রেইগ ফুলটনকে প্যারিসের জন্য ভারতীয়
মহাচা বলে ডাকা হয়েছে ভারত কর্তে সহায় করে।সম্প্রতি অস্ট্রেলিয়ার কাছে
আওয়ালে টেস্ট সিরিজে ভারত ৫-০ ম্যাচে হেরেছে।ভারত বর্মান
লিগে।আওয়ালে টেস্ট ১৫ পর্যায়ে নিয়ে তৃতীয় স্থানে রয়েছে,আর নেদারল্যান্ডস

পূর্ণাঙ্গ পাণ্ডিত্য

পলকতা: ১৩ মে মার্টি সোমবার,
৩০ বৈশাখ মাস ১৪৩৩ বঙ্গাব্দ,
হিজরীঃ ১৩ মেঃ ২০২৩, ৫৬৬
চৈতঃ ৪৯৮৮, কলিঃ ৫১২৩, সৌরঃ
৩০ বৈশাখ মাস, চান্দ্র ৭ মঘসুধন
মাস, ১১৪৪ শকপদ ২০৭৯
বিক্রম সাধু, ২৫৬৬ বুদ্ধাব্দাঃ,
বাংলাদেশঃ ৬ মে মাস ১৪৩৮,
ভারতীয় সিলেটঃ ৩০ বৈশাখ মাস
১১৪৪, মিতিঃ ১৪ শজিবু
আসামঃ ২৬ চ'ত, মুসলিমঃ ৬
ই-১৪৪৩ হিজরী শ্রীশ্রী
অন্নপূর্ণা পূজার গত হুঃ পন
(সপ্তমী) সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ
২৪২৫ এবং অস্তঃবিলাক ০৪ঃ৫
০০ চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১৪
২২(চ) এবং অস্তঃরাত্রি ১১ঃ১৬ঃ
৫০(চ) শুক্র পক্ষ তিথিঃসপ্তমী
(৬ত্র) রাত্রিঃ ০৮ঃ২৮ঃ০১ অর্থাৎ
৬৭৭৮৪৪ পর্যন্ত নক্ষত্রঃসদা
রাত্রিঃ ১১ঃ২৮ঃ৬৮ ৪৪৮৪৪৪
পর্যন্ত পরে পুনর্বসুক্রগণঃবলিঃ
রাত্রিঃ ০৮ঃ২৮ঃ০১ অর্থাৎ ৬৭৭৮৪৪
পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড
অমৃতযোগঃদিন ৫১ঃ২৪ঃ০১
থেকে - ০৭ঃ০৪ঃ২২ পর্যন্ত,
তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে -
১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ
৫৩ঃ৪৫ থেকে - ০৮ঃ২২ঃ৪৫
পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ৫২ থেকে -
০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি
০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ
৪২ পর্যন্ত, তারপর ০৫ঃ০৮ঃ০২
থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত।
মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৪ঃ০৪
থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত,
তারপর ০৫ঃ৫২ঃ১২ থেকে -
০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলোঃ
দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ
৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ ০৭ঃ
২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫
পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ০১ঃ
২৫ থেকে - ১০ঃ০৪ঃ১৮ পর্যন্ত।
কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২
থেকে - ১১ঃ০৮ঃ১৮ পর্যন্ত।
কালরাত্রিঃ ০৮ঃ৪৪ঃ১২ থেকে -
১০ঃ১১ঃ০৪ পর্যন্ত। গ্রহসুন্দর (সূর্য
উদয় কালীন)ঃরাত্রিঃ ১২ঃ৪৪
৬১৯ (২৭) ত পদচন্দ্রঃ
২২ঃ২৫০০ (৭) ১ পদমাহঃ
৯২৭৫৫৫৯ (২৩) ২ পদবৃধঃ
১০২২৫৫ (১) ১ পদবৃক্ষপ্তঃ
০২১৪২২২২ (২৫) ২ পদসুপ্তঃ
১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ
৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ
১২২৭৫৫ (৩) ২ পদকেতুঃ
১২২৭৫৫ (১৬) ৪

আবহাওয়া

যুষ্টিগ হতে পারে নাও হতে পারে।
তাম্রশাস্ত্রা সবেচাচ ৩২ডিগ্রী
সেলসিয়াস ও (২) সর্বনিম্ন
২১.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১)
দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা
হবে ৯১শতাংশ এবং দেশভরতক
বৃষ্টি হয়েছে রবিবার। জোয়ার-
সকাল ৬টা ২১ মিনিট এবং রাত ৮টা
২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা
২০মিনিট। রাত-১০টা ২১ মিনিট।
সূর্য উদয় আজও ৫ টা ০২মিনিট এবং
সূর্য অস্ত যাবে ৬ টা ০৮ মিনিটে।

বাশিফল

মেঘরাশিঃআপনার বিরাট আস্থা এবং সজ্জ কাকের সময়সূচী আপনাকে আজ আরাম করতে যথেষ্ট সময় দেবে। এমন জিনিস কেনার পক্ষে আশ্বিন দিন যার দাম বাড়বে। পরিবারের সদস্যদের সাথে একটি শান্তিপূর্ণ এবং নিরঙ্কুশ দিন উপভোগ করুন- যদি মানুষেরা সম্পূর্ণ নিয়ে।

বৃষভ রাশিঃআপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে উপকারী হবে এবং আপনি সারা মিতুনা রাশিঃযেমন খাবার তার স্বাদ নুন থেকে আহরণ করে- কিছু অসুখীরা কেবলমাত্র আপনাদের সুখের মরোপলকি করার জন্যই জরুরী। আজকে আপনার কোনো কাছের লোকের সাথে।

কর্কট রাশিঃআপনার স্বাস্থ্যের পুনরায় উন্নতির জন্য সেরা দিন। আপনার অর্থ কোথায় ব্যয় হচ্ছে সেটিকে আপনার নজর রাখা মিতুনাঃআপনার বাচ্চারা কৃতিত্ব আপনাকে প্রচুর আনন্দ দিতে পারে। আজকে বিবাহোগ এডিয়ে চলা উচিত শুভদিন।

কর্কটরাশিঃবিবাহের যোগ হতে পারে আজ থেকে। সুখ বাড়ি।

তুলারাশিঃআপনি কিছু অধ্যাতের সম্মুখীন হলে চরম সমস্যা এবং শক্তি প্রদর্শন করা প্রয়োজন।

বৈশাখ রাশিঃ আপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। কোন দিন-স্বাস্থী লাগি এডিয়ে চলুন এবং বাইরে

ধনু রাশিঃ আপনার মুঞ্চকরী আচরণ মনোযোগ আকর্ষণ করবে। আপনার বাড়ির একজন প্রবীণ সহাবার অর্থিয়নে আপনাকে সহায়তা করতে পারে

মকর রাশিঃআপনার বিরাট আস্থা এবং সজ্জ কাকের সময়সূচী আপনাকে আজ আরাম করবে।

কুম্ভ রাশিঃস্বাস্থ্য সুন্দর থাকবে। আপনারা আজ রাতে আর্থিক মূলত অজ্ঞের সম্ভাবনা সময়ে

মীন রাশিঃআজ আপনার প্রয়োজন আরাম করার এবং ঘনিষ্ঠ বন্ধু ও পরিবারের সদস্যদের সাথে খুশি হওয়ার চেষ্টা করুন।

মেঘরাশিঃআপনার লগ্নি এডিয়ে

ভোটের প্রচার চলাকালীন এস ইউ সি আই কর্মীদের ওপর আক্রমনের অভিযোগ তৃনমূলের

দূরন্ত বার্তা, জয়নগর, ১২ মেঃ জয়নগর লোকসভা কেন্দ্রের এস ইউ সি আই এর প্রাধী নিরঞ্জন নস্করের সমর্থনে রবিবার ক্যানিং পূর্ব বিধানসভা এলাকায় প্রচার কর্মসূচি

ক্যানিং

চলাকালীন তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের হামলার অভিযোগ তুললো এস ইউ সি আই প্রাধী।অভিযোগ অস্বীকার জেলা তৃনমূল সভাপতির।আর কয়েকদিন পর ১ লা জুন জয়নগর সহ ৯ টি কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হবে। চলছে সব রাজনৈতিক দলের জোরপ্রচার কাণা।আর রবিবার জয়নগর লোকসভা কেন্দ্রের অধীন ক্যানিং পূর্ব বিধানসভা এলাকায় প্রচার কর্মসূচি পালন করছিলো এস ইউ

সি আই প্রাধী নিরঞ্জন নস্কর দলীয় কর্মীদের নিয়ে।এদিন ক্যানিং পূর্ব বিধানসভার অভ্যন্তরে তিনটি বাজার সুন্দিয়া, চন্দনেশ্বর ও বোধরা এলাকায় জয়নগর লোকসভা কেন্দ্রের এস ইউ সি আই প্রাধী নিরঞ্জন নস্করের সমর্থনে প্রচার জনসংযোগ কর্মসূচি চলছিল। হ্যাণ্ড মাইক সহযোগে এই প্রচার কর্মসূচি চলছিলো। অভিযোগ এদিন প্রচারের কাজে যাবার পথে শাকশহর বাজারে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা এস ইউ সি আই কর্মী সমর্থকদের উপর আক্রমন করে।এ ব্যাপারে এদিন জয়নগর কেন্দ্রের এস ইউ সি আই প্রাধী নিরঞ্জন নস্কর বলেন,এদিন তৃনমূল আশ্রিত ৬০-৪০ জন বাইক বাহিনী আমাদের প্রচারের গাড়ির ওপর আক্রমন করোকেন এখানে প্রচারে



এসেছি তাঁর জবাবদিহি চায়া।এর পরে আমাদের উপস্থিত কর্মীদের উপরে চড়াও হয় তাঁরা। রেজাউল ঢালী নামে আমাদের এক এস ইউ সি আই কর্মীর মোবাইল ছিনিয়ে

নেয়। এছাড়া দুটি হ্যাণ্ড মাইক কেড়ে নেয়। রেজাউল ঢালীকে রাস্তায় ফেলে মারো। আটকাতে গিয়ে আহত হন আমাদের স্থানীয় নেতা তপন ঘোষাতাকে ও মারা

চুঁচুড়ায় বিজেপির বিদায়ী সাংসদের নামে পড়ল ‘নিখোঁজ’ পোস্টার



দূরন্ত বার্তা, চুঁচুড়া হুগলি, ১২ মেঃ পঞ্চম দফায় ভোট হুগলিতে। তার আগে বিজেপির বিদায়ী সাংসদের নামে পড়ল ‘নিখোঁজ’ পোস্টার। চুঁচুড়া স্টেশন রোড, ফার্ম সাইড রোড-সহ বিভিন্ন জায়গায় হুগলির বিদায়ী সাংসদ তথা বিজেপি প্রাধী লকেট চট্টোপাধ্যায়ের নামে এই পোস্টার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। যদিও বিজেপির হুগলি সাংগঠনিক জেলা সভাপতি তুষার মজুমদার বলেন, “যারা অন্ধ তারা

দেখতে পায় না। পঞ্চম দফায় ২০ মে হুগলি লোকসভা কেন্দ্রে ভোট। বিজেপি এবারও এখানে লকেট চট্টোপাধ্যায়কে প্রাধী করেছে। তৃণমূলের চমক রচনা বন্দ্যোপাধ্যায়। শেষ ওভারের প্রচার চলছে। এরইমধ্যে লকেটের নামে পড়ল পোস্টার। তাতে লেখা, ‘লকেট মানে পালাই।’ এই প্রথমবার নয়। এরা আগেও হুগলির বিভিন্ন জায়গায় লকেটের নামে পোস্টার দেখা গিয়েছে। যদিও এই ঘটনাকে

তৃণমূলের মস্তিষ্কপ্রসূত বলেই দাবি বিজেপিরা। তবে ভোটের মুখে এ ঘটনা নতুন করে চর্চায়। বারবারই তৃণমূলের অভিযোগ, সাংসদ লকেট চট্টোপাধ্যায় তাঁর সংসদীয় এলাকায় থাকেনই না। লকেটের প্রাধী হওয়া নিয়েও নানা মহলে নানা সম্ভাবনার কথা শোনা গিয়েছিল। শনিবারই বাঁশবেড়িয়ায় বিজেপির দুই পদাধিকারী দল ছেড়ে তৃণমূলে যোগ দেন। এরইমধ্যে রবিবার পাণ্ডুয়া, চন্দননগর-সহ বিভিন্ন জায়গায় এই পোস্টার নজরে আসে। এ বিষয়ে চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার খোঁচার সুরে বলেন, “লকেটকে দেখা যায় তো, ভোট এলে যে দেখা যায়। তবে বিজেপির হুগলি সাংগঠনিক জেলা সভাপতি তুষার মজুমদার বলেন, “যারা অন্ধ, তারাই দেখতে পায় না। তারাই এই পোস্টার মেরেছে। মনে হয় তাদের চোখের ডাক্তার দেখানো দরকার। একইসঙ্গে তিনি বলেন, বিজেপি এবার ৪০০ পার করবে। তৃণমূলে সেই ভয়েই কাঁপাচ্ছে।

মণিপুরের ভারত-মায়ানমার সীমান্তে নিষিদ্ধ দুই জঙ্গি সংগঠনের ব্যাপক যুদ্ধ, নিহত দুইজন

ইমফল, ১২ মেঃ মণিপুরের ভারত-মায়ানমার সীমান্তে ‘কুকি ন্যাশনাল ফ্রন্ট-বার্মা’ (কেএনএফ-বি) এবং ‘পিপলস ডিফেন্স ফোর্স’ (পিডিএফ)-এর সমন্বয়ে গঠিত এক গোষ্ঠীরা সশস্ত্রে উত্তরপূর্ব ভিত্তিক আরেক জঙ্গি সংগঠনের ব্যাপক যুদ্ধে মৃত্যু হয়েছে দুজনের। রাজ্য পুলিশের সদর দফতর সূত্রে জানা গেছে, ঘটনাটি শনিবার রাত প্রায় ১২টু০ নাগাদ মণিপুরের কামজং জেলার প্রত্যন্ত গ্রাম এবং

ভারত-মায়ানমার সীমান্তে পিলার নম্বর ৯০ ও ৯১-এর আশপাশে ঘটেছে। কামজং গ্রামে এ ধরনের ঘটনা গত কয়েকদিন ধরে সংঘটিত হচ্ছে। সংঘর্ষে কেএনএফ-বি এবং পিডিএফ-এর দুই ক্যাডার সহ উভয় পক্ষের নয়জন ঘায়েল হয়েছে বলেও খবরে প্রকাশ। পিপলস ডিফেন্স ফোর্স (পিডিএফ) এবং কেএনএফ (বি)-এর ক্যাডারদের সমন্বয়ে গঠিত দল

মায়ানমারের সাগাইং অঞ্চলের মায়েথিতে অবস্থিত উত্তর-পূর্বাঞ্চলীয় জঙ্গি গোষ্ঠীর একটি শিবিরে হামলা চালালে সংঘর্ষের সূত্রপাত ঘটে। রকেট চালিত গ্রেনেড (আরপিজি) এবং অত্যাধুনিক আদ্রোয়ন্ত্র ব্যবহার করে মায়ানমার ভিত্তিক কুকি জঙ্গিরা গত তিন দিন ধরে সংঘর্ষ চালিয়ে যাচ্ছে। তবে সংঘর্ষের সম্পূর্ণ বিবরণ দিতে পারছে না রাজ্য পুলিশ।

কংগ্রেসের যুবরাজকে আমেঠির জনতা বাইরে পাঠিয়ে দিয়েছে, খোঁচা ইরানির



আমেঠি, ১২ মে ঃ কংগ্রেসের যুবরাজকে আমেঠির জনতা বাইরে পাঠিয়ে দিয়েছে বলে খোঁচা দিলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেত্রী স্মৃতি ইরানি। রবিবার

গত পাঁচ বছরে বিজেপির ডবল ইঞ্জিন সরকার এই কেন্দ্রের ওপর বিশেষ নজর দিয়েছে এবং আমেঠি কেন্দ্রের উন্নতি করেছে।

সুন্দরবনের বিভিন্ন এলাকায় ফুটি চাষে এবারে এগিয়ে এসেছে চাষিরা

দূরন্ত বার্তা, সুন্দরবন, ১২ মেঃ বেশ কয়েকবছর পর সুন্দরবনের বিভিন্ন জমিতে চাষ হতে দেখা গেল ফুটি নামে একটি ফলের। এখন সেভাবে দেখা যায় না এই ধরনের ফলের। তবে আগেকার দিনের মানুষদের কাছে এই ফল ছিল খুব পছন্দের। যার নাম হল ফুটি। এটা সাধারণ জমিতেই চাষ হয়।ফুটি সাধারণত বেশ বড় আকারের হয়। এটি কাঁচা ফল অবস্থায় রং থাকে সবুজ,কমবে গেলে হলুদ রঙের হয়। বেশিরভাগ ক্ষেত্রে এই ফল ফেটে যাওয়ার সম্ভাবনা থাকে। ফলের বাইরের দিকটা দেখতে অনেকটাই কুমড়োর মত হালকা ভোরাকাটা। খেতে তেমন মিষ্টি নয় তবে এই ধরনের ফল আগেকার দিনের মানুষরা গুড়, চিনি বা বাতাসা দিয়ে খেত।আগেকার মানুষের কাছে খুব পছন্দের খাবার ছিলো এটি। কিন্তু এই ফলে তেমন লাভ না থাকায় এই চাষ থেকে মুখ

ফিরিয়ে নিয়ে ছিলো সুন্দরবনের চাষিরা। তবে বর্তমানে বেশ কিছু কৃষক এগিয়ে এসেছে এই চাষে। আর তাই তো সুন্দরবনের জয়নগর, কুলতলি, রায়দাধি, সাগর, পাথরপ্রতিমা, নামখানা, মথুরাপুর সহ একাধিক এলাকায় এবার এই ধরনের ফলের চাষ হতে দেখা যাচ্ছে। এই চাষে কোনো ঝুঁকি নেই। রোগ পোকার আক্রমন সেভাবে নেই। তাই এই বিকল্প চাষে কৃষকরা ভালো মুনাফা ও করছে।চিকিৎসক দের মতে,এই ফলে প্রচুর পরিমাণে প্রোটিন আছে। কারণ এই ফল কাঁচা অবস্থায় রান্না করে খাওয়া যায় তাঁর পাশাপাশি এই ফলে হজম শক্তির বৃদ্ধির পাশাপাশি মিষ্টির পরিমাণ কম থাকায় ডায়েবেটিস রোগীরাও এই সুস্বাদু ফল খেতে পারে। এই ফল নিয়মিত খেলে সুগার রোগীরাও সুস্বাদের মাত্রা নিয়ন্ত্রনে থাকবে। কুলতলির কয়েকজন কৃষক বলেন,

আগে আমরা ছোটবেলায় এই ফলের চাষ দেখতাম। কিন্তু তখন সেভাবে লাভ না হওয়ায় এই চাষ থেকে সরে এসে অন্য বিকল্প চাষ করতো আমাদের বাবা কাকারা। যাতে মুনাফা ভালো ছিলো। কিন্তু বর্তমানে আমরা দেখছি এই চাষে কোনো ঝুঁকি নেই।কোনো রোগ পোকার ঝামেলা নেই। তাঁর ওপর ভালো মুনাফা পাওয়া যাচ্ছে। তাই আমরা এই চাষে এগিয়ে এসেছি। সুন্দরবনের এক কৃষি বিশেষজ্ঞ বলেন,এই ফল সাধারণত শুষ্ক ও উষ্ম জলবায়ুর সবচেয়ে উপযোগী। উর্বর দোআঁশ ও পলি মাটি এই চাষের পক্ষে খুব উপযোগী। এই ফল জমিতে চাষ করতে গেলে জমিকে প্রথমে ভালো করে কর্ষণ করে নিতে হবে। ক্ষেত্রয়ারি মাসের মধ্যে বীজ রোপণ করতে হবে। প্রত্যেকটি বীজ লম্বায় পাঁচ থেকে ছয় ফুট ও দু ফুট চওড়ায় সারি বদ্ধ ভাবে বুনেতে হবে।



এই চাষে খুব একটা সারের প্রয়োজন নেই। তবে ভালো ফল ও গাছের পোকা রোধ করার জন্য রাসায়নিক সারের প্রয়োগ করা যেতে পারে। এই ফল জমানোর পর যাতে ফল পচে না যায় তাঁর জন্য জমিতে ফলের নিচে খড় বিছিয়ে দেওয়াটা বাধ্যতামূলক। বেশিরভাগ

ক্ষেত্রে এই ফল এক কেজি, দু কেজি থেকে আড়াই কেজি পর্যন্ত হতে পারে।

তাই এই ফল অনেক সময় ফেটে যায় সেটা রোধ করতে গেলে পরিমাত্র মত জমিতে জল দিতে হবে। আর তাতে ফল ফাটার সম্ভাবনা অনেকটাই কমে যাবে।

তেলিয়ামুড়ায় বুনো হাতির গলায় রেডিও কলার লাগানোর প্রক্রিয়া শুরু

তেলিয়ামুড়া (ত্রিপুরা), ১২ মে ঃ প্রতিদিনই বুনো হাতির তাণ্ডবে অতিষ্ঠ খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন জনবসতি এলাকা। হাতির আক্রমণের সমস্যা দূরীকরণে সম্পূর্ণই ব্যর্থ তেলিয়ামুড়া বনদপ্তর। এখন আবার পুরনো ক্যাসেট বাজাতে ময়দানে বন দপ্তরের কর্তাবাবুরা। প্রায় এক বছর পূর্বে সরকারি অর্থের আদ্যশ্রদ্ধ করে হাতির গলায় রেডিও কলার লাগানোর ব্যর্থ উদ্যোগকে হাতিয়ার করে আবাবো ময়দানে বনদপ্তর। হাতির গলায় রেডিও কলার লাগানো শুরু করেছে বনদপ্তরের। বন্য হাতি মতিকে রেডিও কলার পরানোর অভিযানে নামল বনদপ্তর। তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন এলাকায় বন্য হাতির আক্রমণের হাত থেকে রক্ষা করার জন্য দাবি দীর্ঘদিনের। বিগত দিনে তেলিয়ামুড়া মহকুমার উত্তর মহারানি, কপালি বস্তি সহ বিভিন্ন এলাকায় বন্য হাতির আক্রমণে বেশ কয়েকজন প্রাণ হারিয়েছেন। নষ্ট হয়েছে মানুষের বাড়িরঘর, ফসল ইত্যাদি। এ থেকে স্থায়ী সমাধানের জন্য বিভিন্ন ধরনের আন্দোলন, রাস্তা অবরোধ, ডেপুটেশন দেওয়া হয় এলাকাবাসীর তরফ থেকে। সরকারি দেওও প্রতিবার আশ্বাস দেওয়া হয়েছিল। কিন্তু বাস্তবে কোনও উদ্যোগ গ্রহণ করা হয়নি। অবশেষে রবিবার হাতির আক্রমণ থেকে মানুষকে নিস্তার দিতে প্রায় বছর পুরনো



ব্যর্থ উদ্যোগ পুনরায় নিতে দেখা গেল দপ্তরকে। হাতির দলের মধ্যে বেশি আক্রমনাত্মক মতি নামের একটি হাতি রয়েছে। এই মতির আক্রমণের শিকার হয়ে প্রাণহানিও হয়েছে বলে খবর। এই আক্রমণাত্মক মতিকে রেডিও কলার পরানোর অভিযানে নামে বনদপ্তরের এক বিশাল টিম। প্রায় এক বছর পূর্বে এই ধরনের এক অভিযানের মধ্য দিয়ে একটি হাতির মধ্যে রেডিও কলার লাগানো হয়েছিল এবং একটি হাতিতেই সীমাবদ্ধ থেকে যায় এই অভিযান। আবার প্রায় এক বছর পর রেডিও কলার লাগানোর মনোভাবের সঞ্চারণ বন দপ্তরের কর্তাবাবুদের মধ্যে। সেটা কি লোক দেখানো, নাকি বাস্তবেই এই বছর পুরনো ব্যর্থ উদ্যোগকে পুনর্জীবিত করে হাতির আক্রমণ থেকে সাধারণ

মানুষকে রক্ষা করা সম্ভব হবে। এটা বলা যাবে শুধুমাত্র সঠিক সময়ে। আঠারমুড়া জঙ্গল থেকে শুরু করে, ডি এম কলোনি, উত্তর মহারানীপুর সহ বিস্তীর্ণ এলাকায় এই টিম চষে বেরাচ্ছে মতিকে রেডিও কলার পরানোর জন্য। রবিবার ভোর থেকেই শুরু হয় এই অভিযান। যতক্ষন না পর্যন্ত এ কাজ সফল হয় ততক্ষন চলবে তাদের এই অভিযানে বলে জানান বন দপ্তরের আধিকারিক সহ অভিযানের প্রতিনিধিরা। এদিরের এই অভিযানে রয়েছেন ডাঃ কৈবর্ষ কোঁওর শর্মা পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত, ডিন, ভেটেরিনারি কলেজ, অসম, ডাঃ আর কে সামল,আইএফএস প্রধান বন্যপ্রাণী অফিসে, ত্রিপুরা বনদপ্তর, ডঃ অক্ষয় বোরদে, আইএফএস, খোয়াই জেলা বন আধিকারিক সহ অন্যান্যরা।

লক্ষাধিক টাকা নিয়ে চাকরি দেননি, দেব ঘনিষ্ঠ রামাপদের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

I SK NURUZZAMAN ALIAS SK. NURUJ-JAMAN ALIAS NURUZZAMAN SK, S/O SHEIKH ABDUL KARIM, R/O S-142/1, HALDAR PARA LANE, PO BARTALA, PS METIABRUZ, KOLKATA -700018, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHEIKH NURUZZAMAN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 10/05/2024, THAT SK NURUZZAMAN ALIAS SK, NURUJJAMAN ALIAS NURUZZAMAN SK AND SHEIKH NURUZZAMAN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

 Name Change
I MD AMAN HAMZAH, S/O MD AMIR HAMZAH, R/O 118, DR SUNDARI MOHAN AVENUE, PS BENIAPUKUR, PIN-700014, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD AMAAN HAMZAH, VIDE AN AFFI-DAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALIPORE COURT ON 10/05/2024, THAT MD AMAN HAMZAH AND MD AMAAN HAMZAH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

 Name Change
I SURAJA BIBI, D/O SK HAFJUR RA-HAMAN, W/O MOSARAF MALLICK, R/O DASHGHARA, BABLATALA, PS DHANAKHALI, PO- DASH GHARA,DIST-HOOGHLY, PIN-712410, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SURAJA BEGAM MALLICK, VIDE AN AF-FIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT AL-PORE COURT ON 10/05/2024, THAT SURAJA BIBI AND SURAJA BEGAM MALLICK ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

 নাম পরিবর্তন
হামি, SUBHASIS DHAR CHOUDHURY (পুরাতন নাম) পিতা LATE DHARANI DHAR CHOWDHURY , টিকানা-99/A, HUMAYUN KABIR SARANI,BLOCK-G,PLOT NO-150, NEW ALIPORE, KOLKATA -700053, West Bengal, India, কলকাতা নোটারি পাবলিক, Dated 10.05.2024 এর Affidavit দ্বারা আমার নাম এখন থেকে SUBHASIS DHAR CHOWDHURY (নতুন নাম) নামে পরিচিত হব। SUBHASIS DHAR CHOWDHURY (নতুন নাম) এবং SUBHASIS DHAR CHOWD-HURY (পুরাতন নাম) একই ব্যক্তি।

 নাম পরিবর্তন
আমি Nishat Afroze (পুরাতন নাম) পিতা Syed Zulfiaqar Ali টিকানা at Reha Green, 2/A, Gobra Road, 1st Floor, Flat-11, P.O.-Entally, Kolkata-700014 কলকাতায় নোটারি পাবলিক Dated 10-05-2024 এর Affi-davit দ্বারা আমার নাম এখন থেকে Nishat Afroze (নতুন নাম) নামে পরিচিত হব। Nishat Afroze (নতুন নাম) ও Nishat Afroze (পুরাতন নাম) একই ব্যক্তি।

প্রয়োজনের থেকে বেশি পাউডার ব্যবহার করছেন না তো

আমাদের আবহাওয়াটাই এমন যে গরমের সময় ত্বকে একটা বাড়তি চিটচিটে ভাব হয়েই যায়। এই চিটচিটে ভাব কাটাতে দারুণ কাজে দেয় পাউডার। পাউডার ঘাম শোষণ করে। ত্বক থেকে নিঃসৃত তেলও শোষণ করে। আর তাই গরমের সময় পাউডার ব্যবহার করলে খানিকটা স্বস্তি পাওয়া যায়। তবে খুব বেশি পাউডার ব্যবহারও আবার ঠিক নয়। তাতে ত্বকের স্বাভাবিক তৈলাক্ত ভাব হারিয়ে যায়। তাই ধরাবাঁধা নিয়ম করে রোজ নয়, আবহাওয়া বুঝে, প্রয়োজন অনুযায়ী পাউডার ব্যবহার করতে হবে। পাউডার ব্যবহারে কী কী উপকার মেলে, আর স্বস্তি পেতে কীভাবেই-বা ব্যবহার করা উচিত জেনে নেওয়া যাক।

ত্বক শুষ্ক রাখতে পাউডার
পাউডার তেল ও ঘাম শোষণ করে বলে ত্বক থাকে শুষ্ক। ‘ম্যাট লুক’ আনতে তাই কাজে দেয় পাউডার। পাউডার তো বটেই, মেকআপের সময় ব্যবহৃত কমপ্যাক্ট পাউডারও কিন্তু ত্বকের বাড়তি তেল শোষণ করে নেয়। মেকআপের স্থায়িত্ব বাড়াতে ও ওজ্জ্বল্য ধরে রাখতে কাজে দেয় কমপ্যাক্ট পাউডার।
ঘামাচি প্রতিরোধ ও প্রতিকার
পাউডার ঘামাচি প্রতিরোধে সহায়তা করে। আবার ঘামাচি প্রতিকারেও কাজে দেয়। তবে এ ধরনের উপকার পেতে ঘামাচি পাউডারই যে বেছে নিতে হবে, তেমনটা কিন্তু নয়। সাধারণ পাউডার থেকেও উপকার পাবেন।
সুগন্ধি হিসেবে পাউডার
ঘাম শোষণ হয়ে গেলে ঘামের দুর্গন্ধের ঝুঁকি এমনিতেই কম যায়। তা ছাড়া কোনো কোনো পাউডারে বাড়তি সুগন্ধি উপকরণও থাকে। এগুলোও ব্যবহার করা যেতে



পারে। তবে কোনো কোনো সুগন্ধি উপকরণে কারও কারও অ্যালার্জি থাকতে পারে। নির্দিষ্ট কোনো উপকরণে অ্যালার্জির উপসর্গ দেখা দিলে অবশ্যই তা এড়িয়ে চলতে হবে।
কখন প্রয়োগ করবেন
গরম আবহাওয়ায় বা রোদে

চেয়ে এ ধরনের পাউডার বেছে নেওয়া ভালো।
অতিরিক্ত ব্যবহার ঠিক নয়
ত্বকের স্বাভাবিক তৈলাক্ত ভাব ত্বকের সুরক্ষার জন্য প্রয়োজনীয়। পাউডারজাতীয় কোনো প্রসাধনীই তাই খুব বেশি ব্যবহার করা উচিত নয়। খুব পুরু স্তর করে পাউডার লাগানোও উচিত নয়। ঘন ঘন পাউডার প্রয়োগ করা থেকেও বিরত থাকতে হবে। অতিরিক্ত ঘাম হওয়ার কারণে পাউডার সরে গেলে আবার পাউডার দেওয়া যাবে, তবে আগেরবার লাগানো পাউডার ধুয়ে নিয়ে কিংবা ভেজা কাপড় দিয়ে ভালোভাবে মুছে নেওয়ার পর।
ভেজা ত্বকে প্রয়োগ করবেন না
ভেজা ত্বকে পাউডার প্রয়োগ করলে তা জমাট বেঁধে গিয়ে লোমকূপ আটকে যেতে পারে। তাই ত্বক জলেতে ভেজা থাকলে বা যেমে থাকলে প্রথমে শুকনা কাপড় বা তোয়ালে দিয়ে মুছে নিতে হবে। এরপর লাগাতে হবে পাউডার।

‘আগামী সোমবার থেকে রাজ্যের পেট্রোল পাম্পগুলিতে স্বাভাবিক হবে পেট্রোল সরবরাহ’

আগরতলা, ১২ মেঃ ত্রিপুরার গ্রামপাহাড়ে কাজের সংকট এবং রাস্তাঘুড়ে জ্বালানি তেলের সংকট নিয়ে বিরোধী দলনেতা তথা সিপিএমের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী এবং প্রাক্তন পরিবহণ মন্ত্রী মানিক দে যে বক্তব্য রেখেছিলেন সাংবাদিক সম্মেলন করে সে সেরের তীব্র সমালোচনা করেছেন বিজেপির ত্রিপুরা প্রদেশ মুখপাত্র সূরত চক্রবর্তী। রবিবার বিজেপি প্রদেশ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে সূরত চক্রবর্তী বলেন, পার্শ্ববর্তী রাজ্য অসমে অতি বৃষ্টির কারণে হিল সেকশনে ধস নামায় রাজ্যে পেট্রোপণ্যের কিছুটা সংকট সৃষ্টি হয়েছে। তবে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সাথে রাজ্যের মুখ্যমন্ত্রী কথা বলে সেই সমস্যা সমাধানের বন্দোবস্ত করছেন। ফলে শনিবার ত্রিপুরার উদ্দেশ্যে জ্বালানি তেল নিয়ে রওয়ানা হয়েছিল ওয়াগন। রবিবার এটি ধর্মনগরে এসে পৌঁছেছে। আগামী সোমবার থেকে রাজ্যের পেট্রোল পাম্পগুলিতে স্বাভাবিক হবে পেট্রোল সরবরাহ।

তিনি আরও বলেন, রাজ্যের মানুষ অবগত, ২০১৮ সালের আগে বামফ্রন্ট সরকারের আমলে কী ধরনের সংকট রাজ্যে দিনের পর দিন চলছিল। বর্তমান সরকার আসার পর ত্রিপুরায় পেট্রোপণ্যের জন্য বাফার স্টক স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী এক বছরের মধ্যে এই বাফার স্টকের কাজ সম্পন্ন হবে। সূরত চক্রবর্তী বলেন, জিতেন্দ্র চৌধুরী অভিযোগ করছেন, রাজ্যে কাজ নেই। এ ধরনের বক্তব্য তাঁদের মূখ থেকে সব সময় শোনা যায়। তাঁরা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেন। কিন্তু সিপিআইএম দীর্ঘ ৩৫ বছরে ত্রিপুরায় নৈরাজ্য সৃষ্টি করেছে।

হিল সেকশনে ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শন এনএফ রেলের নির্মাণ শাখার জিএম সুনীল কুমারের বাতিল গুয়াহাটি-শিলচর-গুয়াহাটি এবং শিলচর-নাহরলগুন-শিলচর



হাফলং (অসম), ১২ মেঃ লামডিং-বদরপুর হিল সেকশনের জাটিঙ্গা-লামপুরের ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শন করেছেন উত্তরপূর্ব সীমান্ত রেলের নির্মাণ শাখার জেনারেল ম্যানেজার সুনীল কুমার বা। আজ রবিবার মালিগাঁও থেকে বিশেষ ট্রেনে জাটিঙ্গা-লামপুর ধস-বিধ্বস্ত এলাকা সরজমিনে পরিদর্শন করে রেল লাইনে উদ্ধৃত সমস্যা খতিয়ে দেখেন সুনীল বা। প্রতিদিনই রেলওয়ের কোনও না-কোনও উচ্চপদস্থ অধিকারিকরা জাটিঙ্গা-লামপুরে এসে সব কিছু দেখে যাচ্ছেন।

দিবারাট্র এক করে রেল লাইন মেরামতের কাজ চালিয়ে গেলেও গত ১৫ দিন থেকে রেলপথটি বন্ধনগরে (ত্রিপুরা), ১২ মেঃ জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে প্রাণ হারালেন ৬৭ বছর বয়সি এক বৃদ্ধ। ঘটনা সিপাহিজলা জেলার সোনামুড়া নগর পঞ্চায়েতের ১১ নং ওয়ার্ডে সংঘটিত হয়েছে। মৃত ব্যক্তির নাম নাজির আহমেদ মজুমদার। মৃত ব্যক্তির স্ত্রী জানান, জমি সংক্রান্ত বিবাদকে কেন্দ্র করে অভিযুক্ত সাদেক মিয়ার সঙ্গে কথা কাটাকাটি হয় তাঁর স্বামীর। সে সময় নাকি অভিযুক্ত সাদেক মিয়ার তাঁর স্বামী (নাজির আহমেদ)এর কাছ থেকে তার চলাচলের ল্যাটিটি কেড়ে নেয় এবং

পুরোপুরি স্বাভাবিক করে তোলা সম্ভব হচ্ছে না। ফলে লামডিং-বদরপুর হিল সেকশনে যাত্রী দুর্ভোগে চরম আকার ধারণ করেছে। জাটিঙ্গা-লামপুরের ধস-বিধ্বস্ত এলাকা সিংকিং এলাকা তা আগে থেকেই রেলওয়ে কর্তৃপক্ষের জানা ছিল। অথচ বর্ষার আগে ওই জায়গাটি মেরামত করার কোনও ব্যবস্থা গ্রহণ করেননি রেল কর্তৃপক্ষ, অভিযোগ রেলের অন্দর মহলে থেকেই উঠছে। গত ১৫ দিনে জাটিঙ্গা-লামপুর অংশে রেলপথ মেরামত খাতে প্রায় ১৭ কোটি টাকা ব্যয় হয়েছে। কিন্তু এখন পর্যন্ত লামডিং-বদরপুর হিল সেকশনে রেল চলাচল পুরোপুরি স্বাভাবিক করে তুলতে পারেনি রেল কর্তৃপক্ষ। তাছাড়া সন্ধ্যা ছয়টা

থেকে সকাল ছয়টা পর্যন্ত ট্রেন চলাচল বাতিল করে রেলওয়ে ট্রাক মেরামতির নামে প্রতিদিনই দূরপাল্লার ট্রেনগুলির সময় বেল্টনির্ধারণ করা হচ্ছে। শুধু দিনের বেলা ট্রেন চালানো হচ্ছে। তবে দূরপাল্লার ট্রেনগুলি লামডিং-বদরপুরের মধ্যে নিউ হাফলং-বদরপুর ছাড়া আর কোনও স্টেশনে স্টপেজ না থাকায় যাত্রীদের সমস্যায় পড়তে হচ্ছে। যাত্রীদের অভিযোগ, রেল কর্তৃপক্ষ শুধু দিনের বেলা ট্রেন চালাচ্ছে। তা-হলে কেন প্রতিদিন পাহাড় লাইন দিয়ে দিনের বেলা পার হয়ে যাওয়া শিলচর-গুয়াহাটি-শিলচর এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে, এই প্রশ্ন ভিআরএম প্রেমরঞ্জনকে করা হলে তিনি তার

কোনও সুদূরত দিতে পারেননি। আসলে পাহাড় লাইন সব সময় একাংশ টিকানার আর রেলের শীর্ষ কর্তার কাছে কামধেনু হয়ে পড়েছে। প্রতিদিনই রেলের শীর্ষ আধিকারিকরা জাটিঙ্গা-লামপুর ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শনে আসেন আর এদের পেছনে ব্যয় করা হচ্ছে লক্ষ লক্ষ টাকা। কার্যত রেল বিভাগই পাহাড় লাইনে এই সমস্যা জিইয়ে রেখেছে বলে বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে। বিশেষ করে যাত্রীবাহী ট্রেনগুলি সময়সূচি ছাড়া চলাচল করায় ডিমা হাসাও, বরাক উপত্যকা সহ মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার রেল যাত্রীদের চরম দুর্ভোগের মধ্যে পড়তে হচ্ছে। উত্তরপূর্ব সীমান্ত রেল ১৩ মে ১৫৬১৬ গুয়াহাটি-শিলচর ও ১৫৬১৬ শিলচর-গুয়াহাটি এক্সপ্রেস ট্রেনের যাত্রা বাতিল করেছে। তাছাড়া ১৩ মে ০৫৬৩৮ শিলচর-নাহরলগুন ও ১৪ মে নাহরলগুন-শিলচর বিশেষ যাত্রীবাহী ট্রেনের যাত্রা বাতিল করার পাশাপাশি ২০৫০১ আগরতলা-আনন্দবিহার তেজস রাজধানী এক্সপ্রেস ১৩ মে বিকাল ৬-টা ১০ মিনিটের পরিবর্তে রাত ১১টা ১০ মিনিটে আগরতলা থেকে রওয়ানা দেবে। ১৪০৩৭ শিলচর নিউদিগলি পূর্বোক্ত সম্পর্কক্রান্তি এক্সপ্রেস ১৪ মে সন্ধ্যা ৬-টা ৪৫ মিনিটের পরিবর্তে রাত ১১টা ৪৫ মিনিটে শিলচর থেকে ছাড়বে।

তাকে ধাক্কা মেরে ফেলে দেয়। তখনই নাকি নাজির আহমেদ মাটিতে লুট পড়ে অমুগ্ধ হয়ে যান। প্রত্যক্ষদর্শীরা তাকে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যান। কিন্তু সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। চিকিৎসকের ধারণা, বিবাদের সময় হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়েছে। ঘটনাকে স্লেদ করে অভিযুক্ত সাদেক মিয়ার বিরুদ্ধে থানায় ফকঅইহার দায়ের করা হবে বলে জানায় মৃত ব্যক্তির পরিবার। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ঢাঙ্কল্য বিরাজ করেছে।

শ্রীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনা বহরমপুর লোকসভা কেন্দ্রে

বহরমপুর, ১২ মেঃ মহিলা শ্রীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল বহরমপুর লোকসভা কেন্দ্রে। খবর পেয়ে সেখানে যান কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরী। সেখানে গিয়ে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন কংগ্রেস প্রার্থী। পুলিশের সঙ্গে বাচসার জড়িয়ে পড়তেও দেখা যায় অধীরকে। অধীরের অভিযোগ, কংগ্রেস করার অপরাধে এক মহিলার শ্রীলতাহানি করা হয়েছে। এই ঘটনার দায় তৃণমূলের ঘাড়েই চাপিয়েছেন কংগ্রেস প্রার্থী। ইতিমধ্যেই এই ঘটনায় থানায় অভিযোগ দায়ের হয়েছে। কংগ্রেসের অভিযোগ, শনিবার রাতে কিছু মদ্যপ যুবক মহিলাদের হুমকি দিয়ে বলে, কংগ্রেস করলে তাদের আবাসনে থাকতে দেওয়া হবে না। মহিলারা তার প্রতিবাদ করলে

তার মধ্যে একজনের শ্রীলতাহানির চেষ্টা করা হয় বলে অভিযোগ। সেই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় এলাকায়। খবর পেয়ে সেখানে রাতেই ছুটে যান অধীর চৌধুরী। ঘটনাস্থলে পৌঁছায় পুলিশও। পুলিশের এক অফিসার নির্ধাতিতা মহিলার বয়ান নিলেও তা নিয়ে প্রশ্ন তোলেন অধীর চৌধুরী। তাঁর অভিযোগ, নিয়ম অনুযায়ী একজন নির্ধাতিতার ক্ষেত্রে মহিলা পুলিশ থাকা উচিত। কিন্তু, ওই পুলিশ অফিসার নির্ধাতিতা একা ঘরে ঢুকিয়ে বয়ান নিয়েছেন। অধীর জানান, কংগ্রেস বহরমপুর পুরসভায় থাকাকালীন কেন্দ্রীয় আসনে যোজনায় এলাকার দরিদ্র মানুষদের জন্য ১০-১২ হাজার টাকা বিনিময়ে ঘরবাড়ি দেওয়া হয়েছিল।



সুন্দরবন জেলা পুলিশের নামখানা থানার পক্ষ থেকে জনসাধারণের উদ্দেশ্য জানানো হচ্ছে, যদি কোন ব্যক্তির কোনো ফোন আসে এবং কোনো বলা হয় যে মারন ভাইরাস করোনা ভ্যাকসিন এর জন্য আপনি কতিসিন্দ বা কো-ভ্যাক্সিন নিয়েছেন। কতিসিন্দ নিয়ে থাকলে তাহলে এক চাপুন। আপনারা এক বা দুই যাই বলুক না কেন আপনারা কোভাবে ওই ফোনে কোন বোতাম চাপবেন না। যদি আপনি বা আপনারা এইরকম অবস্থাতে কোন বোতাম চাপেন তাহলে আপনার অ্যাকাউন্ট থেকে টাকা অন্যত্র অ্যাকাউন্টে চলে যাবে। এমনই এক সচেতনতা বার্তা দিলেন নামখানা থানার ভারপ্রাপ্ত আধিকারিক বিভাস সরকার।

নেত্র প্রিমিয়াম ফ্যানদের সাথে আপনার নিকটতম স্টোরে গ্রীষ্মকালকে টেকা দিন

কলকাতা, ১২ মেঃ নেত্র একটি প্রিমিয়াম হোম অ্যাপ্লায়েন্স ব্র্যান্ড দ্য পার্ক কলকাতায় একটি সফল লঞ্চ ইভেন্টের আয়োজন করেছে। দক্ষিণ ভারতীয় বাজারে সিলিং ফ্যানের সফল উপস্থাপনা এবং প্রতিষ্ঠার পর, নেত্র কলকাতা অঞ্চলে একটি ব্লিন্ড অভিজ্ঞতা প্রদান করতে প্রস্তুত। এর উন্নত রেঞ্জের সাথে, নেত্র চিরাচরিত পাখার তুলনায় ২০ বেশি এয়ার গ্রাস্ট প্রদান করে ইন্ডাস্ট্রিকে নতুনভাবে সংজ্ঞায়িত করছে। কলকাতার ইভেন্টে একটি ইমার্সিভ এক্সপিরিয়েন্স জোন ছিল যেখানে উপস্থিত ব্যক্তিরা প্রযুক্তি এবং ডিজাইনের নৈশিষ্ট্যগুলির সরাসরি অভিজ্ঞতা করতে পারবেন। এটি গ্রাহক, খুচরা বিক্রেতা এবং ইন্ডাস্ট্রির অভ্যন্তরীণ ব্যক্তিদের কাছ থেকে একটি ইতিবাচক প্রতিক্রিয়া অর্জন করেছে, যা নেত্র-এর জন্য একটি ভরসাদায়ক পরিস্থিতি স্থাপন করেছে কারণ এটি একটি প্রিমিয়াম হাউসহোল্ড ব্র্যান্ড হিসাবে এর অবস্থানকে অর্জিত করার লক্ষ্য রাখে। সন্ধ্যা মার্কেটিং প্রধান নেত্র (বাজার

ইলেকট্রিক্যালসের ব্র্যান্ড) জানান, ‘গ্রাহকরা ফ্যানের নিচে সব থেকে বেশি হাওয়া আশা করেন এবং পারদের মাধ্য প্রত্যাশিত বৃদ্ধির সাথে সাথে গ্রাহকরা তৎক্ষণিক এবং বহু-জন্ম জন্ম পাখা ব্যবহার করেন। নেত্র হল একটি প্রিমিয়াম ব্র্যান্ড, এর সমগ্র রেঞ্জ জুড়ে ২০ বেশি এয়ার গ্রাস্ট সহ অতুলনীয় পারফরমেন্স প্রদান করে। আমাদের মালিকানাধীন প্রযুক্তি প্ল্যাটফর্ম, এরোলজি দ্বারা সমর্থিত, আমরা এই ব্র্যান্ডের প্রতিশ্রুতিতে সম্পূর্ণরূপে সমর্পিত। একটি মাল্টি-রিটাইল কৌশলের অংশ হিসাবে, আমরা কলকাতায় নেত্র চালু করতে পেরে গর্বিত। আমাদের লঞ্চ ইভেন্টে প্রাপ্ত ইতিবাচক গ্রহণ ভ্যাক্সের সম্ভাবনাকে আরও ঘাটতি করে। আসন্ন মাসগুলিতে, নেত্র নতুন পণ্য এবং বিভিন্ন শ্রেণীবিভাগের সাথে ৬০টিরও বেশি শহরে প্রসারিত করতে চায়, এইভাবে নিজেদের বিচক্ষণ ভারতীয় গ্রাহকদের জন্য একটি বিশ্বী প্রিমিয়াম অফারিং হিসাবে অবস্থান করে।

কোচবিহার পুরসভার বিরুদ্ধে একাধিক অভিযোগ, বনধের ডাক ব্যবসায়ী সমিতির

কোচবিহার, ১২ মে : কোচবিহার পুরসভার বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ এনে ১৭ মে শুক্রবার কোচবিহার শহরে ২৪ ঘণ্টার ব্যবসা বনধের ডাক দিল ব্যবসায়ী সমিতি। বিষয়টি নিয়ে রবিবার সমিতির পক্ষ থেকে সাংবাদিক সম্মেলন করা হয়। সমিতির সভাপতি মতিলাল জৈন জানান, তাঁরা পুরসভাকে সমস্যা সমাধানে স্মারকলিপি দিয়েছিলেন। কিন্তু পুরসভা কোনও সঠিক পদক্ষেপ নেয়নি। তাই তাঁরা প্রতীকী ব্যবসা বন্ধ রেখে আন্দোলনে নামছেন। এরপরেও সমস্যা না মিটলে বৃহত্তর আন্দোলন শুরু হবে বলে জানান তিনি।
জানা গিয়েছে, মূলত সাতটি দাবিকে সামনে রেখে এই ব্যবসা বনধের ডাক দেওয়া হয়েছে। তারমধ্যে পৌরসভার স্থলের নাম পরিবর্তন, নতুন নির্দেশিকা প্রত্যাহার, বাজার সংস্কার, বর্ধিত ট্রেড লাইসেন্স ফি কমানো সহ প্রভৃতি রয়েছে।

কোচবিহারের ভারত-বাংলাদেশ সীমান্তে আটক বাংলাদেশি



দূরন্ত বার্তা, কোচবিহার, ১২ মে : কোচবিহারের ভারত-বাংলাদেশ সীমান্তে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে ধৃত এক বাংলাদেশি নাগরিক। আটক বাংলাদেশি নাগরিকের নাম মোহাম্মদ খায়রুল ইসলাম (৪২)। রবিবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। তথ্যমতে, বাংলাদেশি নাগরিক মোহাম্মদ খায়রুল ইসলাম অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে সীমান্ত অতিক্রম করার চেষ্টা করার সময় বিএসএফ জওয়ানদের হাতে ধরা পড়ে। তল্লাশি করে তার কাছ থেকে ১৪,৫০০ ভারতীয় টাকা এবং একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। ধৃত বাংলাদেশী নাগরিকের বাজেয়াপ্ত সামগ্রী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য কুচবিবাড়ী থানায় হস্তান্তর করেছে বিএসএফ।

ময়নাগুড়ি এলাকায় মিলন পল্লীতে এক যুবকের বুলন্ত দেহ উদ্ধার

দূরন্ত বার্তা, ময়নাগুড়ি ১২ মে : রবিবার, ময়নাগুড়ি নতুন বাজার মিলন পল্লী এলাকায় ২১ বছরের এক যুবকের বুলন্ত দেহ উদ্ধার। মৃত যুবকের পরিবার সূত্রে জানা যায় মৃত বিক্রম বর্মন তার বাড়ি জেট গাটিকি মাথাডাঙ্গা এলাকায় বাবার নাম সুনীল বর্মন, কাজের সুবাদে ময়নাগুড়িতে কাকার কাপড়ের দোকানে থাকতো কাকার কাপড়ের দোকান ময়নাগুড়ি পুরাতন বাজারে। কাকার নাম শিশু রায় বর্মন। গত কয়েক বছর থেকে কাকার দোকানে এসে কাজ করতো বলে পরিবার সূত্রে জানা যায়। মৃত বিক্রম বর্মনের কাকা কাকের সুবাদ কলকাতায় আছে। গতকাল প্রতিদিনের মতো দোকান বন্ধ করে বাড়িতে চলে আসে। রাতে খাবার দাবার পর ঘুমিয়ে পড়ে বিক্রম, রবিবার সকাল আনুমানিক সাড়ে ৭টা নাগাদ বাড়ির লোক ডাকাডাকি করলেও না উঠলে তাদের সন্দেহ হয় পরে দরজা খুলে তারা দেখতে পান ঘরের প্রানেকর মধ্যে ঝুলছে বিক্রম। এ অবস্থায় তড়িঘড়ি, ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক বিক্রমকে মৃত বলে ঘোষণা করে। খবর পেয়ে ময়নাগুড়ি থানার পুলিশ মৃতদে উদ্ধার করে ময়নাগুড়ি থানায় নিয়ে আসে। পুলিশ ঘটনা তদন্ত শুরু করেছে। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি হাসপাতালে মুরগি পাঠানো হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। যদিও এ ব্যাপারে পরিবার এবং আত্মীয় সূত্রে জানা যায় তার থেকে একটি ডায়েরি উদ্ধার হয়েছে। কি কারণে আত্মহত্যা করল বিক্রম তা কিন্তু সকলের অজানা।

মের্ট্রোর জিএম অরেঞ্জ লাইনের ভিআইপি রোড স্টেচ পরিদর্শন করেছেন

দূরন্ত বার্তা, কলকাতা, ১২ মে : শ্রী পি. উদয় কুমার রেড্ডি, মের্ট্রো রেলওয়ের জেনারেল ম্যানেজার, জয় হিন্দ (বিমানবন্দর) স্টেশন এবং অরেঞ্জ লাইনের ভিআইপি রোড স্টেশনের মধ্যে আগ্রা, অর্থাৎ গত ১১.০৫.২০২৪ সকালে নির্মাণাধীন সাইটে কাজের অগ্রগতি পরিদর্শন করেছেন। শ্রী ডি.কে. শ্রীবাস্তব,পিসিই, মের্ট্রো রেলওয়ে এবং শ্রী অমিত রায়, PEDRVNL এই পরিদর্শনের সময় তাঁর সাথে ছিলেন। শ্রী রেড্ডি ভিআইপি রোডের র‍্যাম্প ভাউন পয়েন্ট, বক্স পাথিং লোকেশন, এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া (এএআই) প্রাক্ষণের ভিতরে ভূগর্ভস্থ কাঁট এবং কভার অবস্থান ইত্যাদি পরিদর্শন করেছেন। এই টানেলের কাজের অগ্রগতি মূল্যায়নকালে তিনি সন্তোষ প্রকাশ করে নির্ধারিত কাজ শেষ করার উপর গুরুত্বোপ্ন করেন।

ক্রিকেট খেলা

১২ মে : গত কয়েক বছরে, ক্রিকেট খেলা একটি উল্লেখযোগ্য বিবর্তনের অভিজ্ঞতা অর্জন করেছে, যা খেলাধুলার ল্যান্ডস্কেপ গঠনকারী আধুনিক ট্রেন্ড বা প্রবণতা দ্বারা চিহ্নিত হয়েছে। আইপিএল-এর খেলা এবং বিনোদনের ধাক্কার মিশ্রণ থেকে শুরু করে মহিলাদের ক্রিকেটের উত্থান এবং তার স্থায়িত্ব, এই খেলাটি একটি সাংস্কৃতিক পাওয়ার হাউজে পরিণত হয়েছে। উপরন্তু, Parimatch এর ফেস্টিভ্যাল অফ উইনংস-এর মতো উদ্যোগগুলো ফ্যানদের অভিজ্ঞতা বাড়িয়ে দিয়ে, ক্রিকেট খেলাটিতে একটি নতুন মাত্রা যোগ করেছে। এই নিবন্ধে, আমরা এই প্রবণতাগুলি এবং ক্রিকেটের ভবিষ্যতের উপর এসবের প্রভাব কেমন হতে পারে তা অন্বেষণ করব।

১.আইপিএল– ক্রিকেট উদযাপনের মাধ্যমে ভারতকে একত্রিত করা। আইপিএল ভারতে দিনে দিনে ক্রিকেট উৎসাহের সর্মাধিক হয়ে উঠেছে, প্রায়শই এটিকে একটি উৎসব হিসাবে বিবেচনা করা হয় উল্লেখ্য করা হয় যা দেশকে একত্রিত করে। এই লিগটি একটি নিছক ক্রীড়া প্রতিযোগিতার তকমা অতিক্রম করেছে, যা ক্রিকেট, বিনোদন এবং সাংস্কৃতিক উদযাপনের এক মিশ্রন প্রদান করে থাকে। বলিউড তারকাদের সমর্থিত উদ্বোধনী অনুষ্ঠান থেকে শুরু করে সারা দেশে স্টেডিয়ামের আশেপাশের বিদ্যমান থাকা অতি উত্তেজনাপূর্ণ পরিবেশ,

সিকিউরিটিজ মার্কেট থেকে ভারানিয়াম ক্লাউডকে নিষিদ্ধ করল সেবি

১২ মে : সেবি বলেছে যে সাবেলে বিনিয়োগকারীদের একটি ধারণা দেওয়ার জন্য সর্বজনীন ঘোষণা করেছে যে ভারানিয়াম একটি শীর্ষস্থানীয় আইটি পরিষেবা প্রদানকারী যা গ্রিনক্লিড এলাকায় প্রবেশ করেছে। সেবি ভারানিয়াম ক্লাউড, এর প্রবর্তক এবং ব্যবস্থাপনা পরিচালক হর্ষবর্নন হনমন্ত সাবেলকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সিকিউরিটিজ মার্কেট থেকে নিষিদ্ধ করেছে আইপিও আয়ের অপব্যবহার এবং কাল্পনিক বিক্রয় এবং কেনাকাটা রেকর্ড করে কোম্পানির আর্থিক বিবৃতিতে হেরফের করার জন্য।

এছাড়াও, নিয়ন্ত্রক সাবেলকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত কোনো তালিকাভুক্ত কোম্পানি, কোনো সেবি-নিবদ্ধিত মধ্যস্থতাকারী জনসাধারণের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে চায় এমন কোনো কোম্পানির পরিচালক বা প্রধান ব্যবস্থাপক কর্মী হিসেবে কাজ করা থেকে বিরত রেখেছে। সেবি বলেছে, বিষয়টি লক্ষ্য করা প্রাথমিকভাবে লঙ্ঘনের সূত্রপাতের মূল রয়েছে ভারানিয়ামের এসএমই আইপিওতে, যা বোনাস ইস্যু এবং স্টক বিভক্তির মাধ্যমে রাইট ইস্যু অনুসরণ করে অব্যাহত ছিল। প্রাথমিকভাবে দেখা গেছে যে আইপিও এবং পরবর্তী রাইট ইস্যুর মাধ্যমে উত্থাপিত অর্থ অফার নথিতে উল্লেখিত উদ্দেশ্যমূলক উদ্দেশ্যে ব্যবহার করা হয়নি। পরিবর্তে, প্রবর্তক আইপিও তহবিলের একটি



সাবেলে সন্দেহজনক লেনদেনের একটি জটিল ওয়েব যোরালেন এবং এমন একটি ছবি আঁকার চেষ্টা করলেন যা কোম্পানির মৌলিক বিষয়গুলোকে উপস্থাপন করে না। আরও, সেবি উল্লেখ করেছে যে কোম্পানী জনসাধারণের ঘোষণা করেছে যাতে বিনিয়োগকারীদের একটি ধারণা দেওয়া হয় যে ভারানিয়ামের একটি শীর্ষস্থানীয় আইটি পরিষেবা প্রদানকারী যা গ্রিনক্লিড এলাকায় প্রবেশ করেছে। এই ধরনের একটি চিত্র উপস্থাপনের প্রচেষ্টায়, ভারানিয়ামের এবং এর প্রবর্তক লেনদেনে প্রবেশ করেছে যা শুধুমাত্র কাগজে দেখা যাচ্ছে এবং কোম্পানির দাবি অনুযায়ী কিছুই ঘটছে না।ইভেন্টের সমগ্র ক্রমানুসারে এবং প্রচারকারী (সাবেলে) দ্বারা

প্রত্যেকের জীবনের প্রথম গাইড, দার্শনিক, পরামর্শদাতা এবং বন্ধু হল ’মা’

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ মে : প্রত্যেকের জীবনের প্রথম গাইড, দার্শনিক, পরামর্শদাতা এবং বন্ধু হল ’মা’। ভিন্ন ভিন্ন ভাষায় আলাদা আলাদা ভাবে ডাকা হলেও প্রত্যেকে সন্তানের কাছে মা হল অমূল্য সম্পদ। প্রতি বছর মে মাসের দ্বিতীয় রবিবার ভারতে পালিত হয় মাতৃ দিবস। গত তিন বছর থেকে অভিনব ভাবে মাতৃ দিবস পালন করে আসছে জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লকের বারোঘরিয়া বটলি স্বর্ণময়ী প্রাথমিক বিদ্যালয়।গত কয়েক বছরের মতো এবারও মাতৃ দিবসে মা পুজোর আয়োজন করেছে স্কুল কর্তৃপক্ষ। আন্তর্জাতিক মাতৃ দিবসে বিদ্যালয় প্রাদ্ধে অনুষ্ঠিত হল ’মা পুজো’। বিদ্যালয়ের পড়ুয়ারা এদিন শ্রদ্ধা ভক্তির সাথে নিজের মায়ের পুজো করে । প্রথমে জল দিয়ে মায়ের পা ধুয়ে দেয় পড়ুয়ারা, এরপর হাতজোড় করে মায়ের কাছে শপথ বাক্য পাঠ করে

আজ চতুর্থ দফার নির্বাচনে ৭৫ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হতে চলেছে

আজ চতুর্থ দফার নির্বাচনে ৭৫ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হতে চলেছে। এদের মধ্যে মহিলা প্রার্থী রয়েছেন ১৬ জন। সবচেয়ে বেশি সংখ্যক প্রার্থী রয়েছেন বরমপুরে ১৫ জন। সাত জন করে প্রতিদ্বন্দ্বিতা করছেন রানাঘাট বর্ধমান পূর্ব এবং আসানসোলা। এদিকে গত তিন দফা নির্বাচনের মত নির্বিঘ্ন ও রক্তপাতহীন চতুর্থ দফার ভোট কর্তহে নির্বাচন কমিশন করা নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে। এজন্য কেন্দ্রীয় বাহিনী থাকছে। এই ১৬৬ কোম্পানী। এর মধ্যে বুথের নিরাপত্তায় মোতায়েন করা হচ্ছে ৫৭৯

কোম্পানী। বাকি কম্পানি রাখা হবে স্টুং রুম সেক্টর অফিসে। এরমধ্যে পূর্ব বর্ধমান এই সবচেয়ে বেশি সংখ্যক বাহিনী থাকছে মোট ১৫২ কোম্পানি। এরপরেই রয়েছে বীরভূম। সেখানে মোতায়েন করা হচ্ছে ১৩১ কোম্পানী। এর পাশাপাশি রাজ্য পুলিশকারী রাখা থাকবে ৬৩ হাজারের বেশি। কুইক রেসপন্স টিম এর সংখ্যা ১৪৮। প্রয়োজনে তা বাড়ানো হতে পারে বলে মুখ্য নির্বাচন দপ্তর সূত্রে জানা গেছে। কোন আশুচির বা গণ্ডগোলের ঘটনা র চটজলদি সামাল দিতে জিপিএস এর মাধ্যমে

পাবলিক ঘোষণার মাধ্যমে নির্মিত বিবরণে, একটি ইতিবাচক অনুভূতি তৈরি হয়েছিল যা বিপুল সংখ্যক খুচরা বিনিয়োগকারীকে স্টক কেনার জন্য প্ররোচিত করেছে। এটি প্রবর্তক সংস্থাগুলিকে কোম্পানী থেকে প্রস্থান করার এবং নির্দেশ্য বিনিয়োগকারীদের খরচে তাদের অংশীদারিত্ব উল্লেখযোগ্যভাবে হ্রাস করার একটি সুযোগ উপস্থাপন করেছে। সাবেলে যে লাভ করেছে তা সম্পৃক্তভাবে এই ধরনের প্রকাশ্য ঘোষণার পিছনে উদ্দেশ্য এবং উদ্দেশ্যকে দেখায়। খুচরা বিনিয়োগকারীদের এসএমই সংস্থাগুলিতে বিনিয়োগ করার সময় নির্দিষ্ট স্তরের যথাযথ অধ্যবসায় অনুশীলন করতে হবে এবং আপাতদৃষ্টিতে আকর্ষণীয় রিটার্নের দ্বারা প্রভাবিত হবেন না যা দ্রুত তাদের পথে আসতে পারে, সেবির এক সদস্য বলেছেন। এই কার্যকলাপে লিপ্ত হয়ে, সেবি ভারানিয়ামে প্রভারণামূলক এবং অন্যায় বাণিজ্য অনুশীলনের নিষেধাজ্ঞার বিধান লঙ্ঘন করেছে। এনএসই-এর এসএমই প্র্যাকটিক, ইমার্জ লিটেড কোম্পানি ভারানিয়াম ক্লাউড লিমিটেড দ্বারা প্রকাশিত আর্থিক বিবৃতি এবং অপারেট টে ঘোষণা সম্পর্কে কিছু অভিযোগ উদ্বেগ প্রকাশ করার পরে এই আদেশটি এসেছে। তারপরে, নিয়ন্ত্রক সেবির নিয়ম লঙ্ঘনের জন্য বিষয়টি পরীক্ষা করে। সেপ্টেম্বর ২০২২ থেকে মার্চ ২০২৪ সময়ের জন্য সেবি দ্বারা কভার করা হয়।

বৈদ্যুতিক সরঞ্জামের দোকানে আগুন

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ মে : ১২ নম্বর ওর্গার্ডের ঋষি অরবিন্দ বাই লেনের বৈদ্যুতিক সরঞ্জামের দোকানে আগুনের ঘটনায় চাঞ্চল্য। রাত ১০টার দিকে রাস্তা দিয়ে ওর্গার্ডের এক বাসিন্দা প্রথম আগুন দেখতে পেয়ে কাউন্সিলর বাসুদেব ঘোষকে খবর দেন। এরপর আশপাশ থেকে সকলে ছুটে আসেন। সেই মুহূর্তে প্রচন্ড বৃষ্টির ফলে আগুন আয়তে আনতে সাময়িক কষ্ট পেতে হয় দমকল কর্মীদের।বাসুবাবু জানান সম্ভবত ইনভাইট এর ব্যাটারি সট হয়ে যাবার ফলে আগুন লাগে।দমকল খুব তাড়াতাড়ি চলে আসায় ক্ষয়ক্ষতি বড় হয়নি।

তীব্র গরমে মানুষের মতো জেরবার পাখিরাও

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১২ মে : তীব্র গরমে মানুষের মতো জেরবার পাখিরাও।এই গরমে তারা যেন একটু স্বস্তি পায়,সে জন্য নানা উদ্যোগ নিয়েছে শিলিগুড়ির স্প্রেড স্মাইল ওয়েল ফেয়ার অরগানাই জেশন। পাখিদের পাশে দাঁড়িছেন সংস্থার সদস্য সহ স্থানীয় বাসিন্দারা।তীব্র গরমের জন্য কোথাও কোথাও দেখা গিয়েছে ছাদে রাখা হয়েছে পাখিদের স্নানের জন্য বড় পাত্রে জল,আবার কোথাও পাখিদের বিশ্রামের জন্য তৈরি কর হয়েছে কৃত্রিম বাসা।সেই সন্ধে জামলার গ্রিল থেকে শুরু করে ব্যালকনিতে রাখা হয়েছে মাটির জলের পাত্র। ঠান্ডা ফলও দিতেও দেখা গিয়েছে অনেকে।এবার গাছে জলের পাত্র রেখে এই রকমইউদ্যোগ নিল স্প্রেড স্মাইল ওয়েলফেয়ার অরগানাইজেশন সদস্যরা। শিলিগুড়ির ফুলেশ্বরী এলাকায় গাছে গাছে জলের পাত্র পাখীদের জন্য রাখলো তারা।সংস্থার সভাপতি রাজু পাল জানান,পাখীরা গাছেই থাকে সে করানো গাছেই তাদের জলের ব্যবস্থা করলাম।

জাতীয় সড়ক থেকে উল্টে পড়লো চার চাকা গাড়ি

দূরন্ত বার্তা, কোচবিহার,১২ মে : ১৭ নম্বর জাতীয় সড়ক থেকে যাত্রীসহ নয়নজলিতে উল্টে পড়লো একটি চার চাকা গাড়ি। দুর্ঘটনায় চালকসহ আহত চারজন। ঘটনাটি ঘটেছে কোচবিহার ২ নম্বর ব্লকের রাজারহাট থেলার মাঠ এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, পুন্ডিবাড়ির দিক থেকে কোচবিহারের দিকে আসার সময় একটি alto car নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে নয়ন জলিতে উল্টে যায়। ঘটনায় সেই গাড়িতে থাকা একটি শিশুসহ চার জন আহত হয়। স্থানীয় বাসিন্দারা তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

শিলিগুড়িতে ঝোড়ো হাওয়ার সাথে শুরু হয় বৃষ্টিপাত

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ১২ মে : তীব্র গরমের পর গতকাল রাতে শিলিগুড়ি ও পার্শ্ববর্তী অঞ্চলে ঝোড়ো হাওয়ার সাথে শুরু হয় বৃষ্টিপাত তাতেই স্টেশন ফিয়ার রোডে ভেঙে পরল একটি গাছ। জানা গেছে গতকাল রাত প্রায় সাড়ে এগারোট্টা নাগাদ হঠাৎ করেই শিলিগুড়ি শহরে প্রবল বৃষ্টির সাথে শুরু হয় বৃষ্টিপাত। শিলিগুড়ি এসএফ রোডে একটি পুরনো গাছ সেই হাওয়ায় ভেঙে পড়ে যদিও বা রাস্তাঘাট ফাঁকা থাকায় কোনরকম দুর্ঘটনা ঘটে নি। স্থানীয়দের বক্তব্য অনুযায়ী বহুদিন ধরেই গাছটি রুগ্ন অবস্থায় থাকার দরুন। এই ঝড়ো হওয়ার দাপট সহ্য করতে পারিনি বলেই ভেঙে পড়ে বলে তাদের অনুমান। অন্যদিকে প্রায় গোটা রাত্রি ধরে চলে প্রবল বৃষ্টিপাত সকাল হতেই পুরসভার কর্মীরা গাছ কেটে রাস্তা পরিষ্কার করার কাজ ইতিমধ্যেই শুরু করে দিয়েছে।

শ্রীলতাহানির শিকার তৃতীয় শ্রেণির ছাত্রী

উদয়পুর, ১২ মে : তৃতীয় শ্রেণি পড়ুয়া ১০ বছর বয়সি এক ছাত্রীকে শ্রীলতাহানি করার অভিযোগ উঠেছে জনৈক ব্যক্তির বিরুদ্ধে। ঘটনা গোমতি জেলার কাঁকড়াবন থানার অধীন কিশোরগঞ্জ গ্রামের। জানা গিয়েছে, স্থল থেকে বাসি ফেরার পথে নির্জন রাস্তায় পাশে দাঁড়িয়ে ছিল সফিক মিঞা নামের ৫৭ বছর বয়সি এক ব্যক্তি। তখন বিদ্যালয় পড়ুয়া ছাত্রীকে বাপটে ধরে রাস্তায়। ছাত্রীটি বাড়িতে গিয়ে সমস্ত ঘটনা তার মা-বাবাকে জানায়। পরে গোটা ঘটনাটি জানিয়ে লিখিতভাবে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন মেয়েটির বাবা। কাঁকড়াবন থানার ওসি প্রেফতার করেন সফিক মিঞাকে।

চিতা বাঘের খোঁজে চা বাগানে ট্রাপ ক্যামেরা লাগালো বন দফতর



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ মে : চিতা বাঘের খোঁজে চা বাগানে ট্রাপ ক্যামেরা লাগালো বন দফতর, ড্রোন ক্যামেরায় চলল তল্লাশি। চিতা বাঘের আতঙ্ক ঘুম উড়েছে বানারহাট ব্লকের লক্ষীপাড়া চা বাগানের শ্রমিকদের। এবার চিতাবাঘের খোঁজে বানারহাটের লক্ষীপাড়া চা বাগানে লাগানো হল ট্রাপ ক্যামেরা, পাশাপাশি উড়ানো হল ড্রোন। চা - শ্রমিকদের মধ্যে জাকিয়ে ওয়ইল্ডলাইফ স্কোয়াডের পক্ষ থেকে করা হল সচেতনতা শিবির। পাশাপাশি চা - বাগানের ঘুরে বেড়ানো চিতা বাঘগুলিকে চিহ্নিত করতে ওড়ানো হল ড্রোন, সেই সাথে বাগানের বি বি সেকশনে ট্রাপ ক্যামেরা লাগালো বন দফতর। বাগান কর্তৃপক্ষ জানানেন, এদিন চা - বাগানের বি বি ৬ এল্লটেনশন এবং বি বি ১৪ নম্বর সেকশনে দেখা গিয়েছে দুটি পূর্ণবয়স্ক চিতা বাঘ, চা - বাগানের বি বি ৩ ডি সেকশনে একটি চিতা বাঘের শাবক কে ঘুরে বেড়াতে দেখা গিয়েছে।পাশাপাশি বাগানের ৫ নং সেকশনে একটি চিতা বাঘকে দেখে গিয়েছে বলে শ্রমিকরা দাবি করেছে। বাগানের বিভিন্ন এলাকায় দেখা যাওয়া চিতা বাঘগুলি একটি চিতা বাঘ নাকি ঘুরে বেড়ানো চিতা বাঘের সংখ্যা অনেক বেশি - তা নিশ্চিত করতে বন দফতরের পক্ষ থেকে ট্রাপ ক্যামেরা পাতা হয়। এই ক্যামেরায় চিতা বাঘের ছবি ধরা পড়লে তা বিশ্লেষণ করে চিতা বাঘের সংখ্যা এবং তাদের গতিবিধি সম্পর্কে নিশ্চিত ভাবে জানা যাবে। বন দফতরের পক্ষ থেকে কিছুদিন আগে খাঁচা পাতা হয়েছে। এবার আতঙ্ক দূর করতে এই ব্যবস্থা গ্রহণ করল বনদফতর। তবে এখন দেখার কাজে চিতাবাঘ খাঁচা বন্দী হয় এবং কবে আতঙ্ক মুক্ত হয়. লক্ষীপাড়া চা বাগান।

হারিয়ে যাওয়া ও চুরি হওয়া ৪০টি মোবাইল ফোন উদ্ধার



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ মে : হারিয়ে যাওয়া ও চুরি হওয়া ৪০টি মোবাইল ফোন উদ্ধার করে আসল মালিকদের হাতে তুলে দিল জলপাইগুড়ি জেলা পুলিশ। জলপাইগুড়ি কোতোয়ালি থানায় আয়োজিত একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে জেলা পুলিশের পক্ষ থেকে মোবাইল ফোনগুলো তুলে দেওয়া হয়েছে। হারানো মোবাইল ফোনগুলো ফিরে পেয়ে খুব খুশি জলপাইগুড়ি়ালি বিভিন্ন প্রান্তরে বাসিন্দারা। জানা গেছে বাড়ি ও কর্মক্ষেত্রে পাশাপাশি হাটে বাজারে বিভিন্ন সময়ে চুরি হয়ে গিয়েছিল মোবাইল ফোনগুলো। কারও মোবাইল আবার হারিয়ে গিয়েছিল। অনেকেই সেই ফোন ফিরে পাওয়ার আশা ছেড়ে দিয়েছিলেন। তাই জেলা পুলিশের কাছ থেকে সেই হারানো মোবাইল হারানো পেয়ে আনন্দিত তারা। জলপাইগুড়ি জেলা পুলিশের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্ধার হওয়া মোবাইল ফোনগুলো আসল মালিকদের হাতে তুলে দেন জেলা পুলিশ সুপার খান্ডাবাহালে উমেশ গণপত সহ অন্যান্য অধিকারিকরা। হারিয়ে যাওয়া মোবাইল ফেরত পেয়ে খুশি বাসিন্দারা।

দশ চাকা গাড়ির সাথে ধাক্কা খেয়ে গুরুতর যখম এক যুবক

দূরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১২ মে : উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ পৌরসভার অন্তর্গত ১৩নাম্বার ওয়ার্ডের বাসিন্দা মনোজ দাস গত ১১,০৪,২০২৪ তারিখে কর্মসূত্রে ইটহার থেকে ফেরার পথে ন্যাশনালে দশ চাকা গাড়ির সাথে ধাক্কা খেয়ে গুরুতর যখম হয়ে মাথা সহকারে শরীরের বিভিন্ন জায়গায় ক্ষত হয়েছে। সেই অবস্থায় তাকে রায়গঞ্জ গভর্নমেন্ট মেডিকেল কলেজ এন্ড হসপিটালে নিয়ে যাওয়া হয়। অবস্থা আশঙ্কাজনক হওয়াতে উন্নত চিকিৎসার জন্য তাকে বাইরে ফেরান করে। সাথে সাথে এম্বুলেন্স করে শিলিগুড়ি মাটিগাড়া এভোলন বেসরকারি নার্সিং হোমে ভর্তি করা হয়। আজ অর্থাৎ শনিবার ১০,০৫,২০২৪ এখানো পর্যন্ত চিকিৎসাধীন অবস্থায় ভর্তি রয়েছে। সুস্থ হতে এখানো অনেক টাকার প্রয়োজন, পরিবারের লোকের কাছে যা অর্থ বল ছিল তাদের অর্থ বল দিয়েও এখনো পর্যন্ত সুস্থ করতে পারেনি। তার সহ-ধর্মিনী সহ একটি ৯ বছরের ছেলে এবং একটি ৪ বছরের মেয়ের পাশাপাশি তার বৃদ্ধ মা বাবা রয়েছে।

২ কোটি টাকা লুটের অভিযোগে প্রেফতার দুই সাইবার অপরাধী



গুয়াহাটি, ১২ মে : গুয়াহাটিতে ২ কোটি টাকার প্রভারণার অভিযোগে মহানগর পুলিশ প্রেফতার করেছে দুই সাইবার অপরাধীকে। ধৃতদের বিরুদ্ধে গত এক সপ্তাহের মধ্যে বিভিন্নজনের কাছ থেকে দুই কোটি টাকা লুট করার অভিযোগ রয়েছে। প্রেফতারকৃতদের গুয়াহাটি মহনগরের ফাঁটশিল এলাকার পাপু দাস এবং সোনোপরের নিজাম আলি বলে পরিচয় পাওয়া গেছে। মহানগর পুলিশ সূত্রে জানা গেছে, এরা ইন্টারনেট ব্যবহার করে সাধারণ নাগরিকদের ব্যাংক অ্যাকাউন্টগুলিকে টার্গেট করে প্রভারণার কার্যক্রম চালাচ্ছে। সাইবার অপরাধীরা ভুক্তভোগীদের ব্যাংকিং তথ্য পর্যালোচনা বিভিন্ন সময় ফোন কল এবং ট্যাক্সট ম্যাসেজের মতো কৌশল ব্যবহার করে। পরবর্তীতে তারা ওই সব অ্যাকাউন্টগুলি থেকে মোটী অঙ্কের অর্থ লুট করে। এভাবে গত এক সপ্তাহের মধ্যে এরা মোট দুই কোটি টাকা লুট করেছে, জানা গেছে পুলিশ সূত্রে।

চোট পেলেন বাংলাদেশের পেসার তালকিন

ঢাকা, ১২ মেঃ টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে হঠাৎ সময়্যর বাংলাদেশ। জিম্বাবোয়ের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের পঞ্চম ম্যাচের আগে চোট তাসকিন আহমেদের। সিরিজের শেষ ম্যাচে প্রথম একাদশে ছিলেন না তিনি। ম্যাচ শুরুর আগে অনুশীলনের সময় চোট পেয়েছেন তিনি। বাংলাদেশের এক সংবাদমাধ্যম সূত্রে খবর, তাসকিনের পেশিতে চোট লেগেছে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রধান চিকিৎসক দেবশীষ চৌধুরী ওই সংবাদমাধ্যমকে বলেন, জিম্বাবোয়ে ম্যাচের আগে তাসকিনের পেশিতে চোট লেগেছে। তবে চোট কতটা গুরুতর, তা এখনও জানা যায়নি। গত বছর এক দিনের বিশ্বকাপ থেকেই কাঁধের চোট ভোগাছিল তাসকিনকে। বিশ্বকাপের বেশ কয়েকটি ম্যাচে চোট নিয়েই খেলেছিলেন তিনি। বিশ্বকাপ শেষে প্রায় আড়াই মাস বিশ্রাম নিয়েছিলেন, রিহাব করছিলেন। সেই কারণেই ঘরের মাঠে নিউ জিল্যান্ড সিরিজ এবং নিউ জিল্যান্ড সফরে খেলতে যাননি তিনি। বাংলাদেশ প্রিমিয়ার লিগে



মাঠে ফেরেন তাসকিন। তার পর থেকে নিয়মিত খেলছেন। ঘরের মাঠে শ্রীলঙ্কা সিরিজের পর ঢাকা প্রিমিয়ার লিগের ম্যাচও খেলেছেন। জিম্বাবোয়ের বিরুদ্ধে সিরিজের প্রথম চারটি ম্যাচ খেলেছেন। ৪ ম্যাচ খেলে ৮ উইকেট নেওয়া তাসকিনই সিরিজের সর্বোচ্চ উইকেটশিকারি। সিরিজ সেরাও হয়েছেন তিনি। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে তাঁর চোট চিন্তায় রাখবে বাংলাদেশকে।

টেনিস দুনিয়ায় সুখবর, ফরাসি ওপেনে সম্ভবত নামতে চলেছেন নাদাল

রোম, ১২ মেঃ প্যারিসে গিয়ে আইফেল টাওয়ার না দেখা আর ফরাসি ওপেনে রাকফ্যেল নাদালের না খেলা প্রায় একই ব্যাপার। সেই ২০০৫ থেকে শুরু করেছেন তিনি। আজ ২০২৪ সাল। দুই দশক পার হতে যায়। অথচ এখনও স্পেনীয় কিংবদন্তীকে রোঁরা গারোর লালমাটিতে দেখতে পাওয়ার প্রশ্নে মুখিয়ে আছে তামাম টেনিসদুনিয়া। অবশেষে তাঁদের জন্য খানিক সুখবর। খেলবেন কিনা চূড়ান্তভাবে না জানালেও, নাদাল বললেন তিনি ফরাসি ওপেনে নামার জন্য মানসিকভাবে তৈরি। এই মুহূর্তে রোম ওপেনে খেলছেন নাদাল। বস্তুত, খেলছেন নয়, খেলছিলেন, গতকালই দ্বিতীয় রাউন্ডে পোল্যান্ডের ছোট হারকাৎজের কাছে ৬-১, ৬-৩ হারে ছিটকে গিয়েছেন তিনি। এদিকে মাত্র আট দিন পরে, ২০ মে থেকে শুরু হচ্ছে ফরাসি ওপেন। হাইড্রোস্টেজ গ্র্যান্ড স্ল্যামে নামার এক সপ্তাহ আগে এরকমভাবে ছিটকে গিয়েও দমছেন না নাদাল। ম্যাচ শেষে বলেন, “অনেক কিছু নিয়েই দ্বিধা আছি। গত দু’বছর ধরে যে খেলাটা খেলতে চাইছি, সেটা পারছি না।” কিন্তু সাংবাদিকদের প্রশ্নের ভিড় ছিল রোঁরা গারো নিগ্নেই। নাদাল আর তাঁর ইচ্ছের কথা গোপন করেননি। ইতালীয় সংবাদমাধ্যমের খবর, নাদাল স্পষ্ট বলেছেন, “সেদুন, একটা সিদ্ধান্ত নেওয়ার সময় এসে গিয়েছে।

হয়ত বলা যায়, আমি তৈরি নই, খেলব না এভাবে বা বলা যায়, আমি তৈরি না থাকলেও চেষ্টা চালিয়ে যাই। যদি আমাকে জিজ্ঞেস করেন, আমি কোনদিকে ঝুঁকি আছি, আমি বলব আমি খেলতে চাই, আরও একবার নিজের সেরাটা দিতে চাই।” চোট আঘাতে গত কয়েক বছর ধরেই জর্জরিত নাদাল। রোম ওপেন আগেও তিনি বারদশেক জিতেছেন। সম্ভবত এবারেই তিনি শেষ বারের মতো রোম খেলে ফেলবেন। সেই নিয়েও জল্পনা খানিক জিয়ে রাখলেন নাদাল। কিন্তু চোট আঘাতের সঙ্গে বললেন, “ফিটনেসের কিছু তো সমস্যা রয়েছে।” কিন্তু আমার টেনিস কেরিয়ারের সবচেয়ে বড় ইভেন্টে আমি খেলব না, এতটা বলার মত বড়সড় সেগুলো নয় বোধহয়।” বাইশটি গ্র্যান্ড স্ল্যামের মালিক রাকফ্যেল নাদাল স্রেফ ফরাসি ওপেন জিতেছেন চ্যোদবার। যা টেনিস ইতিহাসে অন্যতম রেকর্ড। এককালে নাদাল-ফেডেরার লড়াই দেখার জন্য মুখিয়ে থাকত টেনিস দুনিয়া। নোভাক জকেভিচের আগমনে সেটা ত্রিমুখী লড়াইয়ের রূপ নেয়। আপাতত ফেডেরার অবসর নিয়েছেন। নোভাক ও নাদালই লড়াইটা জিয়ে রেখেছেন। ফরাসি ওপেনে নাদাল জিততে পারলে ইতিহাস এলোমেলো হয়ে যাবে এবার। টেনিসশ্রেণীদে অতুল প্রাধান্য, যেন এবারের ফরাসি ওপেনে দেখা যায় নাদালকে।

ধরাশায়ী রাজস্থান, বাড়ল অপেক্ষা ৫ উইকেটে জিতে প্লে-অফের আশা বাঁচিয়ে রাখল চেন্নাই

চেন্নাই, ১২ মেঃ ঘরের মাঠে এ বারের আইপিএলের শেষ ম্যাচে রাজস্থানকে হারিয়ে দিল চেন্নাই। জিতল ৫ উইকেটে। টসে জিতেও রাজস্থানকে অধিনায়ক সঞ্জু স্যামসনের আগে ব্যাট করার সিদ্ধান্ত বিপক্ষে গেল। প্রথমে ব্যাট রাজস্থান তোলে মাত্র ১৪১/৫। সময় লাগলেও সেই রান তাদা

তোলার গতি কর্মেনি। প্রতি ওভারে ১০-এর বেশি রান উঠতে থাকে। দেখে মনে হচ্ছিল, চেন্নাই আলাদা পিচে ব্যাট করতে নেমেছে। বল ধীরে এলেও শট খেলতে অসুবিধা হচ্ছিল না চেন্নাই ব্যাটারদের। রাজস্থানকে দ্বিতীয় সাফল্য এনে দেন আর এক স্পিনার যুজবেন্দ্র চাহাল। ফেরান ডারিল মিচেলকে



করতে চেন্নাইয়ের কোনও অসুবিধা হয়নি। জিতে প্লে-অফের দৌড়ে থাকল চেন্নাই। ১২ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে তারা উঠে এল তিন নম্বরে। অন্য দিকে, রাজস্থানকে প্লে-অফ নিশ্চিত করার জন্য এখনও অপেক্ষা করতে হবে। রাজস্থানকে ১৪২ রান তাদা করতে নেমে শুকরা ভালই করেছিল চেন্নাই। ট্রেট বোর্ডের প্রথম ওভারে চার রান উঠলেও পরের দু’টি ওভারে ১২ রান করে ওঠে। বেকায়দায় পড়ে স্পিনার নিয়ে আসেন সঞ্জু স্যামসন। এসেই রাচিন রবীন্দ্রকে (২৭) তুলে নেন অশ্বিন। তাতে অবশ্য চেন্নাইয়ের রান

(২২)। তবে শান্ত হয়ে খেলছিলেন রুতুরাজ গায়কোয়াড। আদর্শ অধিনায়কের মতোই পিচের চরিত্র বুঝে শট খেলছিলেন। কোনও রকম ভাড়াখড়ের রাস্তায় হাট্টেনি। তাতে রানের থেকে বলের সংখ্যা বেড়ে গেলেও যাবতানি। তবে ১৬তম ওভারে বিতর্ক হয়। রবীন্দ্র জাডেজা দু’রান নিতে ছুটেছিলেন। কিন্তু এক রান নেওয়ার পরেই তাঁকে ফিরিয়ে দেন রুতুরাজ। থার্ড ম্যান থেকে ছোঁড়া বল আসে সঞ্জুর হাতে। তিনি উস্টো দিকের উইকেটে ছুড়তে যান। তবে জাডেজা উইকেট আড়াল করে ছোট্টার কারণে সঞ্জুর ছোড়া বল লাগে জাডেজার গায়ের। ‘অবস্ট্রাঙ্টিং



ম্যাচের আগে পিচ পরীক্ষা করতে গিয়ে পমি এমবাসোয়া জানিয়েছিলেন, এই পিচে গড়ে ১৮৩ রান উঠলেও দিনের ম্যাচে রান কম হয়েছে। বাস্তবে সেটাই দেখা গেল। পিচে ঘাস ছিল না। বল আসছিল খেমে খেমে। সাহায্য পেলেন চেন্নাইয়ের পেসার, স্পিনারেরা। রাজস্থানের দুই ওপেনার যশস্বী জয়সওয়াল এবং জস বাটলার মারকুটে বলে পরিচিত। তবে চেন্নাইয়ের বোলারদের শুরু থেকে চাপে রাখতে পারলেন না। তুম্বার দেশপান্ডের প্রথম ওভারে ওঠে মাত্র তিন রান। পরের ওভারে ৪। তৃতীয়

তার আক্রমণাত্মক মানসিকতার সঙ্গে মোলানোই যায় না। এমনকি সঞ্জু স্যামসন বা রিয়ান পরাগ নেমেও রান করতে সময়্যর পড়েন। ১০ ওভারের পর রাজস্থান তোলে মাত্র ৬১। ওভার প্রতি ছয়। এ বারের আইপিএলে যে গতিতে রান উঠছে, তার তুলনায় এটি ছিল বেশ কম। প্রত্যেক ব্যাটারকেই দেখে বোঝা গিয়েছে রান তুলতে কতটা কষ্ট হয়েছে। শট খেলা মোটেই সোজা ছিল না এই পিচে। শেষ দিকে পরাগের (অপরাজিত ৪৭) সৌজন্যে ডেভদোষ কাছাকাছি পৌঁছয় রাজস্থান। তবে জেতার জন্য তা যথেষ্ট ছিল না।

রোনাল্ডোকে ট্রফিশূন্য রাখল আল হিলাল, মেয়েকে নিয়ে নেইমারের উদ্যাপন



রিয়ান, ১২ মেঃ এবারও সৌদি প্রো লিগ জেতা হলো না ক্রিস্টিয়ানো রোনাল্ডোর। গতকাল রাতে পয়েন্ট তালিকার সবচেয়ে নিচের দল আল হাজমকে ৪-১ গোলে হারিয়ে ৩ ম্যাচ হাতে রেখেই শিরোপা নিশ্চিত করে ফেলেছে নেইমারের দল আল হিলাল। নেইমার অবশ্য আল হিলালের হয়ে এ ম্যাচে খেলেননি। চোটের কারণে গত বছরের অক্টোবর থেকেই মাঠের বাইরে আছেন জেদালিয়ান তারকা। তবে মেয়েকে নিয়ে

নেইমারের শিরোপা জয় উদ্যাপনের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ফলাও করে প্রচার করেছে আল হিলাল। সৌদি প্রো লিগে আল হিলাল শিরোপা জয় নিশ্চিত করেছে চলতি মরসুমে এখন পর্যন্ত অপরাধিত থেকে। ৩১ ম্যাচের একটিতেও হারেনি তাঁরা। ২৯ জয় আর ২ ড্রয়ে তাদের পয়েন্ট ৮৯। সমান ম্যাচে আল নাসরের পয়েন্ট ৭৭। ২৫টি জয়, ২ ড্র আর ৪ হার নিয়ে দ্বিতীয় স্থানে আল হিলাল। ৩৯ বছর বয়সী পর্তুগিজ তারকা রোনাল্ডোকে আরও একটি হতাশা আল হিলাল ‘উপহার’ দিতে পারে ৩১ মে। সেদিন কিংস কাপের ফাইনালে জেদালিয়ান আল নাসরের মুখোমুখি হবে তারা।

‘ওদের টাকা কেটে নেওয়া উচিত’ ফ্লোভে ফেটে পড়লেন সুনীল গাভাসকর

মুম্বই, ১২ মেঃ নিজের দেশের হয়ে খেলা আগে নাকি আইপিএলে খেলা? ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের প্রতি মরসুমে একটা সময় এই নিয়ে আলোচনা হয়ে থাকে। ১৭তম আইপিএলে হঠাৎ এই বিষয় নিয়ে কেন আলোচনা? আইপিএল শেষ হতে লেগেছে। তারপরই রয়েছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। আইপিএল শেষ হওয়ার আগে ইসিবি ইংল্যান্ডের ক্রিকেটারদের নির্দেশ দিয়েছে জাতীয় দলের দায়িত্ব পালনের জন্য। আর এখানেই আপসিট তুলেছেন দেশের প্রাক্তন ক্রিকেটার সুনীল গাভাসকর। সানির মতে, ইংল্যান্ডের ক্রিকেটাররা পুরো টুর্নামেন্টে যদি খেলতে না-ই পারেন, তা হলে মরসুম শুরুর আগে কেন জানাননি। তাঁদের বিরুদ্ধে বিসিসিআইকে বড় পদক্ষেপ নেওয়ার পরামর্শও দিয়েছেন সানি। মিড ডে-র এক কলামে সুনীল গাভাসকর লিখেছেন, যে ক্রিকেটাররা আইপিএলের পুরো মরসুমে খেলার প্রতিশ্রুতি দিয়েছেন অথচ না খেলেই দেশে ফিরে যাওয়ার কথা তুলছেন, তাঁদের আইপিএলের পুরো কি দেওয়া উচিত নয়।

গাভাসকর লেখেন, ‘যে ক্রিকেটাররা দেশের হয়ে খেলার জন্য অন্য কিছুকে গুরুত্ব দেয় না, আমি তাদের পাশে আছি। কিন্তু যারা তাদের ফ্র্যাঞ্চাইজিগুলোকে পুরো মরসুম খেলার প্রতিশ্রুতি দিয়েছে, আর তা পূরণ না করেই সরে দাঁড়াচ্ছে, তারা ঠিক করছে না।



ওদের জন্য ফ্র্যাঞ্চাইজিগুলোকে ভুগতে হচ্ছে। ফ্র্যাঞ্চাইজিগুলোর উচিত ক্রিকেটারকে যে অর্থের বিনিময়ে কেনা হয়েছিল, তার থেকে কিছুটা কেটে নেওয়া। প্রত্যেক দেশের ক্রিকেট বোর্ড তাদের ক্রিকেটাররা আইপিএলে খেলে ১০ শতাংশ টাকা পায়। যে বোর্ড তাদের সিদ্ধান্ত বদল করবে তাদের

১০ শতাংশ কমিশন পায় না। বিসিসিআই এত সুযোগ সুবিধা দেয়। কিন্তু বিনিময়ে কিছুই পাচ্ছে না। কয়েকদিন ধরেই শোনা যাচ্ছে, যে টিমগুলো প্লে অফের যোগ্যতা অর্জন করেছে, সেই টিমে থাকা ইংল্যান্ডের ক্রিকেটারদের জন্য ইসিবির সঙ্গে আলোচনা করছে বিসিসিআই।

রঞ্জি ট্রফি দুই ধাপে? ভারতের ঘরোয়া ক্রিকেটে বড় রদবদলের আভাস

মুম্বই, ১২ মেঃ আইপিএল শেষের দিকে এগিয়ে চলেছে। তারপর টি২০ বিশ্বকাপ। এরই মধ্যে ভারতীয় ঘরোয়া ক্রিকেট নিয়েও জোরকদমে পরিকল্পনা চালাচ্ছে বিসিসিআই। বিসিসিআই রঞ্জি ট্রফি দুই ধাপে আয়োজন

ইতিমধ্যেই বেশ কিছু প্রস্তাব এসেছে। যা নিয়ে আলোচনা হবে বোর্ডের আপেক্ষ কাউন্সিলে। সূত্রের খবর, সেন্টেম্বরের শেষ বা অক্টোবরের প্রথমই শুরু হতে পারে রঞ্জি ট্রফি। প্রথম পাঁচটি রাউন্ডের খেলার পর সীমিত

কোচেরাও সরব হন। এমনকী বাংলাকে বেশ কয়েকটি ম্যাচে ভুগতে হয়েছে, কুয়াশা, আলো কম আসা বা বৃষ্টির কারণে। ‘কয়েকদিন ধরেই শোনা যাচ্ছে, যে টিমগুলো প্লে অফের যোগ্যতা অর্জন করেছে, সেই টিমে থাকা ইংল্যান্ডের ক্রিকেটারদের জন্য ইসিবির সঙ্গে আলোচনা করছে বিসিসিআই।



করতে চাইছে বলে দাবি করা হয়েছে। ইএসপিএনক্রিকইনফোর প্রতিবেদনে। তার পিছনে রয়েছে সঙ্গত কারণ। ভারতে ঘরোয়া ক্রিকেটের সূচিতে এবার বড় ধরনের রদবদল হতে পারে বলে বোর্ডসূত্রে খবর। উত্তর ভারতে কুয়াশার কারণে রঞ্জি ম্যাচ আয়োজন নিয়ে সমস্যা হয়। দেশের অন্য প্রান্তেও সেটা হয়, তবে বেশি হয় উত্তর ভারতেই। ম্যাচের ফলাফলে আবহাওয়ার প্রভাব কমানোর লক্ষ্যেই নতুন করে ভাবনাচিন্তা বোর্ডের।

ওভারের টুর্নামেন্ট রাখা হচ্ছে। প্রথমে সৈয়দ মুস্তাক আলি ট্রফি, তারপর হলে বিভাজ হাজারের ট্রফি। এরপর রঞ্জি ট্রফির দ্বিতীয় ধাপ শুরু হবে। যেখানে গ্রুপ পর্বের তিন রাউন্ডের খেলার পর হবে নক আউট পর্বের খেলাগুলি। উল্লেখ্য, ২০২৩-২৪ মরসুমের রঞ্জি ট্রফি আরম্ভ হয়েছিল জানুয়ারির প্রথমে। খারাপ আবহাওয়ার প্রভাব পড়ে অনেক ম্যাচেই। কুয়াশার কারণে ম্যাচে বিজট ঘটায় অসন্তোষ ছড়ায় অনেক দলের মধ্যে। অধিনায়ক,

মেসিকে ছাড়িয়ে গেলেন সুয়ারেজ, ২ গোলে পিছিয়ে পড়েও মায়ামির জয়

সেই বিরল ম্যাচগুলির একটি, যেখানে লিওনেল মেসি গোল করতে পারলেন না কিংবা গোলে রাখতে পারলেন না উল্লেখযোগ্য কোনো অবদান। তবে ইস্টার মায়ামিকে সেজন্য ধুঁকতে হলো না খুব একটা। দুই গোলে পিছিয়ে পড়ার পরও দুর্দান্তভাবে ঘুরে দাঁড়িয়ে ম্যাচ জিতে ধরে রাখল তারা শীর্ষস্থান।

ফ্লোরিডা, ১২ মেঃ লিওনেল মেসি পুরো ৯০ মিনিটই খেলেছেন। কিন্তু না পেয়েছেন কোনো গোল, না করেছেন কোনো অ্যাসিস্ট। তাতে কী, ইস্টার মায়ামির একজন লুইস সুয়ারেজ আছেন না! তিনি তো গোল পেয়েছেন। মেজর লিগ সকারে আজ মন্ট্রিয়ালের বিপক্ষে গোল করে এই প্রতিযোগিতায় চলতি মরসুমে মেসিকে গোলে ছাড়িয়ে গেছেন উরুগুয়ের স্ট্রাইকার। সুয়ারেজের মেসিকে ছাড়িয়ে যাওয়ার দিনে ২-০ গোলে পিছিয়ে পড়েও মন্ট্রিয়ালের বিপক্ষে ম্যাচটি ৩-২ ব্যবধানে জিতেছে ইস্টার মায়ামি। ফ্লোরিডার দলটির পক্ষে সুয়ারেজের আগে ও পরে একটি করে গোল করেছেন মতিয়াস রোহাস ও বেগুনিম ক্রিমালি। চলতি মরসুমে ধীরগতিতে শুরুটা নেন অভ্যাসে পরিণত করে ফেলেছে মায়ামি। মেজর লিগ সকারের আগের ম্যাচেও নিউইয়র্ক রেড



বুলসের বিপক্ষে পিছিয়ে পড়ে জিতেছিল মিনিটের মধ্যে ২-০তে পিছিয়ে পড়েন মেসি-তারা। সেই ম্যাচে ১ গোলে পিছিয়ে পড়ে সুয়ারেজরা। পিছিয়ে পড়ার পরই যেন ভয়ংকর জিতেছিল তারা ৬-২ ব্যবধানে। আজ ৬২

করতে থাকে মন্ট্রিয়ালের রক্ষণে। অবশেষে কাল্পিত গোল তারা পায় ৪৪ মিনিটে। বজের অনেক বাইরে থেকে বাঁ পায়ের ক্রিক থেকে গোলটি করেন রোহাস। সেই সময় কিছুক্ষণের জন্য মাঠের বাইরে ছিলেন মেসি। এরপর প্রথমার্ধের যোগ করা সময়ের তৃতীয় মিনিটে লক্ষ্যভেদ করেন সুয়ারেজ। এবারের মেজর লিগ সকারে এটি তাঁর ১১তম গোল, যা মেসির চেয়ে একটি বেশি। মেসিকে ছাড়িয়ে এখন পর্যন্ত এবারের মেজর লিগ সকারে সর্বোচ্চ গোলদাতা সুয়ারেজ। উরুগুয়ে স্ট্রাইকারের মেসিকে ছাড়িয়ে যাওয়া গোলের পর ৫৯ মিনিটে মায়ামিকে জয়সূচক গোলটি এনে দেন ক্রিমালি। এই জয়ে ১৩ ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে মেজর লিগ সকারের ইস্টার্ন কনফারেন্সের শীর্ষে আছে মায়ামি। ইস্টার্ন ও ওয়েস্টার্ন দুই কনফারেন্স মিলিয়েও শীর্ষে মেসি-সুয়ারেজদের দল।

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • বর্ষ সংখ্যা • ১ মে ২০২৪

ঘুম

- স্নান করার থেকে সম্পূর্ণ মুক্তি পাবার পাঁচটি মর্দ
- স্নান করার বন্ধন প্যাঁকিয়াস
- রোবট প্রযুক্তিতে নী আত বিপ রিয়েলসমেন্ট
- নির্বৃত টেট যাত্রা
- হার্ট অ্যাটাক, বিশেষজ্ঞ চিকিৎসকের গুরুত্বপূর্ণ পরামর্শ
- মানবজীবনে ঘুমের প্রয়োজনীয়তা
- নিদ্রাহীনতার সমস্যা
- পর্বাত ঘুমের জন্য দরকার সু-অভ্যাস
- হাসি মিসেসেই সুস্থতার সার্বকজা

সুচিকিৎসা
এখন অনলাইনে পড়তে
পাশের কোডটি স্ক্যান করুন